এতদিতি। এতদর্থং তবান্তরস্থভাবগোপনার্থম্। ইমৌ ভীষ্মদ্রোণৌ। বিকৃতং বিরুদ্ধম্ ॥১৪॥

যদিতি। তেষাং পাণ্ডবানাম্, অশক্যতাং বিক্রমেণায়ত্তীকরণস্যাসাধ্যতাম্ ॥১৫॥

ভারতভাবদীপঃ

॥১০—১১॥ তেষু পাণ্ডবেষু ॥১২॥ তে তব মন্ত্রিণস্তবান্তরস্থং বিশেষং বিবৃণ্বানাস্তে ধ্রুবং শাশ্বতং হিতং ন কুর্য্যুঃ, তব বৈষম্যদোষমেব তে প্রকাশয়িষ্যন্তি ন তু কার্য্যং সাধয়িষ্যন্তি ইত্যর্থঃ ॥১৩॥ এতদর্থং পাণ্ডবানাং শ্রেয়োঽর্থম্। বিবৃতং বিস্পষ্টম, "বিকৃতম্" ইতি পাঠে পরুষম্, এষ পাণ্ডবানাং শ্রেয়ো ভবত্বিত্যেবংরূপঃ। হিশব্দেন তত্র তস্যৈব প্রতীতিং প্রমাণয়তি ॥১৪॥ যচ্চেতি। অশক্যতামজয্যতাম্, তব পুরস্তাৎ যচ্চাহতুরিতি সম্বন্ধঃ।

তা'র পর, দুর্য্যোধনপ্রভৃতিও যেমন আপনার পুত্র, পাণ্ডবেরাও তেমনই আপনার পুত্র ॥১১॥

ইহা না বুঝিয়া যদি মন্ত্রীরা পাণ্ডবদের কোন অহিতের কথা বলেন, তবে তাঁহারা বিশেষভাবে আপনার হিত দেখেন না ॥১২॥

তা'র পর, যদিও আপনার মনে নিজের পুত্রদের উপরে অধিক স্নেহ থাকে, তথাপি আপনার সেই অন্তরের ভাব ব্যক্ত করিয়া মন্ত্রীরা নিশ্চয়ই ভাল কার্য্য করেন না ॥১৩॥

এই জন্যই মহাত্মা ও মহাতেজা ভীষ্ম ও দ্রোণ কোন বিরুদ্ধ কথা বলেন নাই; তবে আপনি তাহা নিশ্চয় করিতে পারেন নাই ॥১৪॥

বিক্রম দ্বারা পাণ্ডবগণকে আয়ত্ত করিতে পারা যাইবে না, ইহা যে ভীষ্ম

কথং হি পাণ্ডবঃ শ্রীমান্ সব্যসাচী ধনঞ্জয়ঃ।
শক্যো বিজেতুং সংগ্রামে রাজন্! মঘবতাপি হি ॥১৬॥
ভীমসেনো মহাবাহুর্নাগাযুতবলো মহান্।
কথং স্ম যুধি শক্যেত বিজেতুমমরৈরপি ॥১৭॥
তথৈব কৃতিনৌ যুদ্ধে যমৌ যমসুতাবিব।
কথং বিজেতুং শক্যৌ তৌ রণে জীবিতুমিচ্ছতা ॥১৮॥
যস্মিন্ ধৃতিরনুক্রোশঃ ক্ষমা সত্যং পরাক্রমঃ।
নিত্যানি পাণ্ডবে জ্যেষ্ঠে স জীয়েত রণে কথম্ ॥১৯॥
যেষাং পক্ষধরো রামো যেষাং মন্ত্রী জনার্দ্দনঃ।
কিন্নু তৈরজিতং সংখ্যে যেষাং পক্ষে চ সাত্যকিঃ ॥২০॥
দ্রুপদঃ শ্বশুরো যেষাং যেষাং শ্যালাশ্চ পার্ষতাঃ।
ধৃষ্টদ্যুম্নমুখা বীরা ভ্রাতরো দ্রুপদাত্মজাঃ ॥২১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

পাণ্ডবানাং জেতুমশক্যতামেব দর্শয়তি ষড়্ভিঃ কথমিতি। মঘবতা ইন্দ্রেণাপি ॥১৬॥

ভীমেতি। নাগাযুতবলো দশসহস্রহস্তিতুল্যবলশালী, মহান্ বিশালাকৃতিঃ ॥১৭॥

তথেতি। কৃতিনৌ নিপুণৌ। যমৌ নকুলসহদেবৌ ॥১৮॥

যস্মিন্নিতি। ধৃতির্ধৈর্য্যম্, অনুক্রোশো দয়া। জ্যেষ্ঠে যুধিষ্ঠিরে ॥১৯॥

যেষামিতি। পক্ষধরঃ সাহায্যকারী। সংখ্যে যুদ্ধে। সর্বত্র ধন্ধুত্বাদিতি ভাবঃ। পার্ষতাঃ পৃষতস্যাপত্যানি পৌত্রাঃ ॥২০—২১॥

ভারতভাবদীপঃ

তদ্ভদ্রমস্তু তে তৎ তেভ্যঃ পাণ্ডবেভ্যস্তব ভদ্রমস্তু, ক্রুদ্ধাঃ পাণ্ডবাস্তব সর্ব্বান্ পুত্রান্ মা হিংস্যু-

---

ও দ্রোণ বলিয়াছেন, তাহা আপনার পক্ষে সম্পূর্ণ সত্য। সুতরাং আপনার মঙ্গল হউক ॥১৫॥

মহারাজ! স্বয়ং ইন্দ্রও যুদ্ধে সব্যসাচী অর্জ্জুনকে জয় করিতে কোন প্রকারেই সমর্থ নহেন ॥১৬॥

এবং দশ সহস্র হস্তীর তুল্য বলশালী বিশালাকৃতি মহাবাহু ভীমসেনকে দেবতারাও যুদ্ধে জয় করিতে পারেন না ॥১৭॥

আর, যমের পুত্রের তুল্য যুদ্ধনিপুণ নকুল ও সহদেবকে জীবনার্থী কোন্ লোক যুদ্ধে জয় করিতে সমর্থ হয়? ॥১৮॥

তা'র পর, যে যুধিষ্ঠিরে ধৈর্য্য, দয়া, ক্ষমা, সত্য ও পরাক্রম এই গুলি গুণ সর্ব্বদাই বিদ্যমান রহিয়াছে, তাঁহাকে যুদ্ধে জয় করা যায় কি করিয়া? ॥১৯॥

তা'র পর, বলরাম ও সাত্যকি যাঁহাদের সাহায্যকারী, কৃষ্ণ যাঁহাদের

সোঽশক্যতাঞ্চ বিজ্ঞায় তেষামগ্রে চ ভারত ! ।
দায়াদতাঞ্চ ধর্ম্মেণ সম্যক্ তেষু সমাচর ॥২২॥
ইদং নির্দ্দিষ্টমযশঃ পুরোচনকৃতং মহৎ ।
তেষামনুগ্রহেণাদ্য রাজন্ ! প্রক্ষালয়াত্মনঃ ॥২৩॥
তেষামনুগ্রহশ্চায়ং সর্ব্বেষাঞ্চৈব নঃ কুলে ।
জীবিতঞ্চ পরং শ্রেয়ঃ ক্ষত্রস্য চ বিবর্দ্ধনম্ ॥২৪॥
দ্রুপদোঽপি মহান্ রাজা কৃতবৈরশ্চ নঃ পুরা ।
তস্য সংগ্রহণং রাজন্ ! স্বপক্ষস্য বিবর্দ্ধনম্ ॥২৫॥
বলবন্তশ্চ দাশার্হা বহবশ্চ বিশাংপতে ! ।
যতঃ কৃষ্ণস্ততঃ সর্ব্বে যতঃ কৃষ্ণস্ততো জয়ঃ ॥২৬॥

ভারতকৌমুদী

স ইতি। হে ভারত ! স ত্বম্, অগ্রে প্রথম এব, তেষাং পাণ্ডবানাং জেতুমশক্যতাং বিজ্ঞায়, ধর্ম্মেণ তেষ দায়াদতাং পৈতৃকধনভাগিতাম্, সম্যক্ সমাচর কুরু ॥২২॥

ইদমিতি। হে রাজন্ ! অদ্য তেষাং পাণ্ডবানাং সম্বন্ধে অনুগ্রহেণ, পুরোচনকৃতম্, নির্দ্দিষ্টমসন্দিগ্ধম্, মহদিদম্, আত্মনঃ অযশঃ প্রক্ষালয়। তেষাং রাজ্যার্দ্ধদানে তদযশো বিনঙ্ক্ষ্যতীতি ভাবঃ ॥২৩॥

তেষামিতি। অয়ং রাজ্যার্দ্ধদানপ্রকারঃ, তেষাং পাণ্ডবানাম্, নোঽস্মাকং কুলে সর্ব্বেষাং জনানাঞ্চ সম্বন্ধে অনুগ্রহঃ। কিঞ্চ যুদ্ধাভাবে জীবিতঞ্চ ক্ষত্রস্য বিবর্দ্ধনঞ্চ পরং শ্রেয়ঃ। যুদ্ধকরণে তু বীরাণাং মৃত্যুস্তেন চ ক্ষত্রক্ষয়োঽবশ্যম্ভাবীতি ভাবঃ ॥২৪॥

দ্রুপদ ইতি। পুরা দ্রোণায় গুরুদক্ষিণাদানকালে। সংগ্রহণং প্রসাদনেনায়ত্তীকরণম্ ॥২৫॥

মন্ত্রী, দ্রুপদ রাজা যাঁহাদের শ্বশুর এবং ধৃষ্টদ্যুম্নপ্রভৃতি মহাবীর দ্রুপদপুত্রগণ যাঁহাদের শ্যালক, সেই পাণ্ডবেরা যুদ্ধে কি জয় না করিয়াছেন ? ॥২০—২১॥

অতএব মহারাজ ! আপনি প্রথমে পাণ্ডবদের অজেয়তা বুঝিয়া ধর্ম্ম অনুসারে সমীচীনভাবে তাঁহাদের পৈতৃক অংশ ছাড়িয়া দিন ॥২২॥

আজ আপনি পাণ্ডবদের প্রতি অনুগ্রহ দেখাইয়া পুরোচনকৃত অসন্দিগ্ধ নিজের সেই গুরুতর নিন্দা প্রক্ষালন করুন ॥২৩॥

মহারাজ ! এইরূপ করিলে, পাণ্ডবদের প্রতি এবং আমাদের বংশের সকলের প্রতি আপনার অনুগ্রহ করা হইবে। কেন না, বাঁচিয়া থাকা এবং ক্ষত্রিয়জাতির বৃদ্ধি করা পরম মঙ্গল ॥২৪॥

তা'র পর, দ্রুপদ এক জন বড় রাজা, অথ চ পূর্ব্বেই আমরা তাঁহার সহিত শত্রুতা করিয়াছি ; এখন এইরূপ করিলে, তাঁহাকে আয়ত্ত করা হইবে এবং আত্মপক্ষের উন্নতি করা হইবে ॥২৫॥

যচ্চ সাম্নৈব শক্যেত কার্য্যং সাধয়িতুং নৃপ !।
কো দৈবশপ্তস্তৎ কার্য্যং বিগ্রহেণ সমাচরেৎ ॥২৭॥
শ্রুত্বা চ জীবতঃ পার্থান্ পৌরজানপদা জনাঃ।
বলবদ্দর্শনে হৃষ্টাস্তেষাং রাজন্! প্রিয়ং কুরু ॥২৮॥
দুর্য্যোধনশ্চ কর্ণশ্চ শকুনিশ্চাপি সৌবলঃ।
অধর্ম্মযুক্তা দুষ্প্রজ্ঞা বালা মৈষাং মতং কৃথাঃ ॥২৯॥
উক্তমেতৎ পুরা রাজন্! ময়া গুণবতস্তব।
দুর্য্যোধনাপরাধেন প্রজেয়ং বৈ বিনঙ্ক্ষ্যতি ॥৩০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি বিদুরাগমনরাজ্যলাভে বিদুরবাক্যং নামাষ্টনবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

বলেতি। দাশার্হা যাদবাঃ। যতো যস্মিন্, ততস্তস্মিন্। সর্ব্বে দাশার্হাঃ ॥২৬॥

যদিতি। দৈবশপ্তো দৈবেন নিগৃহীতো জনঃ। সমাচরেৎ সাধয়িতুমুদ্যচ্ছেৎ ॥২৭॥

শ্রুত্বেতি। পার্থান্ পাণ্ডবান্। দর্শনে দর্শনার্থম্, বলবদত্যন্তম্, হৃষ্টা হর্ষোণোৎকণ্ঠিতাঃ ॥২৮॥

দুর্য্যোধন ইতি। দুষ্প্রজ্ঞা দুষ্টবুদ্ধয়ঃ, বালা মূর্খাশ্চ। মা কৃথা ন কুরু ॥২৯॥

ভারতভাবদীপঃ

রিতি ভাবঃ ॥১৫—২১॥ অগ্রে তৎপিতুরেব পাণ্ডোঃ রাজ্যভাগিত্বকালে, দায়াদ্যতাং পিতৃধনভোজনার্হতাম্ ॥২২—২৭॥ বলবদত্যন্তম্ ॥২৮—৩০॥

ইতি আদিপর্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টনবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৯৮॥

আর এক কথা, যদুবংশীয়েরা বলবান্ অথ চ সংখ্যায় বহুতর; তাহারা সকলেই কৃষ্ণ যে দিকে থাকিবেন, সেই দিকেই থাকিবে; অতএব কৃষ্ণ যে দিকে থাকিবেন, সেই দিকেই জয় হইবে ॥২৬॥

তা'র পর, যে কার্য্য শান্তভাবে সম্পন্ন করা যায়, সেই কার্য্যকে কোন্ দৈবনিগৃহীত লোক যুদ্ধ করিয়া সম্পন্ন করিবার চেষ্টা করে? ॥২৭॥

এদিকেও, পাণ্ডবগণ জীবিত আছেন, ইহা শুনিয়া পুরবাসী ও দেশবাসী সমস্ত লোকই তাঁহাদিগকে দেখিবার জন্য আনন্দে অত্যন্ত উৎকণ্ঠিত হইয়াছে; আপনি তাহাদের সন্তোষের কার্য্য করুন ॥২৮॥

কিন্তু, দুর্য্যোধন, কর্ণ ও শকুনি, ইহারা অধার্ম্মিক, দুষ্টবুদ্ধি এবং মূর্খ; সুতরাং আপনি ইহাদের মত অনুসারে কার্য্য করিবেন না ॥২৯॥

* '…ত্র্যধিকদ্বিশততমঃ…' '…পঞ্চাধিকদ্বিশততমঃ…' '…সপ্তাধিকদ্বিশততমঃ…' '…চতুর্বিংশত্যধিকদ্বিশততমঃ…' ইতি পাঠভেদাঃ।

# নবনবত্যধিকশততমোঽধ্যায়ঃ

ধৃতরাষ্ট্র উবাচ।

ভীষ্মঃ শান্তনবো বিদ্বান্ দ্রোণশ্চ ভগবানৃষিঃ।
হিতঞ্চ পরমং বাক্যং ত্বঞ্চ সত্যং ব্রবীষি মাম্ ॥১॥
যথৈব পাণ্ডোস্তে বীরাঃ কুন্তীপুত্রা মহারথাঃ।
তথৈব ধর্ম্মতঃ সর্বে মম পুত্রা ন সংশয়ঃ ॥২॥
যথৈব মম পুত্রাণামিদং রাজ্যং বিধীয়তে।
তথৈব পাণ্ডুপুত্রাণামিদং রাজ্যং ন সংশয়ঃ ॥৩॥
ক্ষত্তরানয় গচ্ছৈতান্ সহ মাত্রা সুসৎকৃতান্।
তয়া চ দেবরূপিণ্যা কৃষ্ণয়া সহ ভারত! ॥৪॥

ভারতকৌমুদী

উক্তমিতি। পুরা দুর্য্যোধনজন্মসময় এব। প্রজা প্রায়েণ জনঃ ॥৩০॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়ামাদিপর্ব্বণি বিদুরাগমনরাজ্যলাভে অষ্টনবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভীষ্ম ইতি। ভীষ্মদ্রোণয়োর্যথাক্রমং বিদ্বত্ত্বেন ঋষিত্বেন চাভ্যর্হিতত্বমিতি ভাবঃ ॥১॥

যথেতি। ধর্ম্মতো ন্যায়তঃ। ত এব সর্ব্বে, মম মমাপি। "সর্ব্বেষামেকজাতানামেকশ্চেৎ পুত্রবান্ ভবেৎ। সর্বে তে তেন পুত্রেণ পুত্রিণো মনুরব্রবীৎ॥" ইতি স্মৃতেরিত্যাশয়ঃ ॥২॥

তেন কিমিত্যাহ যথেতি। তথৈব পাণ্ডুপুত্রাণামিদং রাজ্যং ময়া বিধাতব্যমিতি শেষঃ ॥৩॥

মহারাজ! আপনি গুণবান্; তাই আমি আপনার নিকট পূর্ব্বেই এই কথা বলিয়াছিলাম যে, দুর্য্যোধনের অপরাধেই লোক বিনষ্ট হইবে' ॥৩০॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'বিদুর! শান্তনুনন্দন জ্ঞানবান্ ভীষ্ম, মাহাত্ম্যশালী ঋষি দ্রোণাচার্য্য এবং তুমি যথার্থই আমাকে অত্যন্ত হিতের কথা বলিয়াছ ॥১॥

বীর ও মহারথ যুধিষ্ঠিরপ্রভৃতি যেমন পাণ্ডুর পুত্র, ন্যায় অনুসারে তাঁহারা সকলেই আমারও তেমনই পুত্র; এবিষয়ে কোন সন্দেহ নাই ॥২॥

অতএব এই রাজ্য যেমন আমার পুত্রগণকে দিয়াছি, তেমন পাণ্ডুর পুত্রগণকেও দিতে হইবে; তাহাতেও কোন সংশয় নাই ॥৩॥

[৩] ·ইদং রাজ্যমসংশয়ম্। [৪]···সহ মাত্রা সুসংস্কৃতান্···।

দিষ্ট্যা জীবন্তি তে পার্থা দিষ্ট্যা জীবতি সা পৃথা।
দিষ্ট্যা দ্রুপদকন্যাঞ্চ লব্ধবন্তো মহারথাঃ ॥৫॥
দিষ্ট্যা বর্দ্ধামহে সর্ব্বে দিষ্ট্যা শান্তঃ পুরোচনঃ।
দিষ্ট্যা মম পরং দুঃখমপনীতং মহাদ্যুতে! ॥৬॥

বৈশম্পায়ন উবাচ।

ততো জগাম বিদুরো ধৃতরাষ্ট্রস্য শাসনাৎ।
সকাশং যজ্ঞসেনস্য পাণ্ডবানাঞ্চ ভারত! ॥৭॥
সমুপাদায় রত্নানি বসূনি বিবিধানি চ।
দ্রৌপদ্যাঃ পাণ্ডবানাঞ্চ যজ্ঞসেনস্য চৈব হ ॥৮॥ (যুগ্মকম্)
তত্র গত্বা স ধর্ম্মজ্ঞঃ সর্ব্বশাস্ত্রবিশারদঃ।
দ্রুপদং ন্যায়তো রাজন্! সংযুক্তমুপতস্থিবান্ ॥৯॥

ভারতকৌমুদী

ক্ষত্তরিতি। হে ক্ষত্তঃ! বিদুর!। মাত্রা কুন্ত্যা। সুসংকৃতান্ অত্যাদৃতান্ ॥৪॥
দিষ্ট্যেতি। দিষ্ট্যা ভাগ্যেন। পার্থাঃ পাণ্ডবাঃ! পৃথা কুন্তী ॥৫॥
দিষ্ট্যেতি। শান্তো নিবৃত্তো মৃত ইত্যর্থঃ। অপনীতম্, পাণ্ডবানাং বিচ্ছেদাজননাৎ ॥৬॥
তত ইতি। শাসনাদাদেশাৎ। যজ্ঞসেনস্য দ্রুপদস্য। বসূনি তন্নভ্যানি বস্ত্রাদীনি ॥৭—৮॥
তত্রেতি। সংযুক্তং বিবাহসম্বন্ধেন সম্বদ্ধম্। উপতস্থিবান্ নমস্কারাদিনা সেবিতবান্ ॥৯॥

সুতরাং বিদুর! তুমিই যাও, যাইয়া কুন্তী ও দেবরূপিণী দ্রৌপদীর সহিত বিশেষ আদর করিয়া পাণ্ডবগণকে লইয়া আইস ॥৪॥

ভাগ্যবশতঃ পাণ্ডবেরা বাঁচিয়া আছে, ভাগ্যবশতঃ কুন্তী বাঁচিয়া আছেন এবং ভাগ্যবশতই পাণ্ডবেরা দ্রৌপদীকে লাভ করিয়াছে ॥৫॥

আর, ভাগ্যবশতঃ আমরা সকলেই উন্নতি লাভ করিয়াছি, ভাগ্যবশতঃ পুরোচন বেটা মরিয়া গিয়াছে এবং ভাগ্যবশতই আমার দুঃখ দূরীভূত হইয়াছে ॥৬॥

তাহার পর, বিদুর ধৃতরাষ্ট্রের আদেশ-অনুসারে দ্রৌপদী, পাণ্ডবগণ ও দ্রুপদপ্রভৃতির জন্য নানাবিধ ধন ও রত্ন লইয়া দ্রুপদ ও পাণ্ডবগণের নিকটে গমন করিলেন ॥৭—৮॥

মহারাজ! সর্ব্বশাস্ত্রবিশারদ ও ধর্ম্মজ্ঞ বিদুর সেখানে যাইয়া যথানিয়মে বৈবাহিক দ্রুপদের সংবর্দ্ধনা করিলেন ॥৯॥

---

(৯)·· সংযুক্তমিব তস্থিবান্।

স চাপি প্রতিজগ্রাহ ধর্ম্মেণ বিদুরং ততঃ।
চক্রতুশ্চ যথান্যায়ং কুশলপ্রশ্নসংবিদম্ ॥১০॥
দদর্শ পাণ্ডবাংস্তত্র বাসুদেবঞ্চ ভারত!।
স্নেহাৎ পরিষ্বজ্য স তান্ পপ্রচ্ছানাময়ং ততঃ ॥১১॥
তৈশ্চাপ্যমিতবুদ্ধিঃ স পূজিতো হি যথাক্রমম্।
বচনাদ্ধৃতরাষ্ট্রস্য স্নেহযুক্তং পুনঃ পুনঃ ॥১২॥
পপ্রচ্ছানাময়ং রাজন্! ততস্তান্ পাণ্ডুনন্দনান্।
প্রদদৌ চাপি রত্নানি বিবিধানি বসূনি চ ॥১৩॥
পাণ্ডবানাঞ্চ কুন্ত্যাশ্চ দ্রৌপদ্যাশ্চ বিশাংপতে!।
দ্রুপদস্য চ পুত্রাণাং যথা দত্তানি কৌরবৈঃ ॥১৪॥ (বিশেষকম্)
প্রোবাচ চামিতমতিঃ প্রশ্রিতং বিনয়ান্বিতঃ।
দ্রুপদং পাণ্ডুপুত্রাণাং সন্নিধৌ কেশবস্য চ ॥১৫॥

ভারতকৌমুদী

স ইতি। কুশলপ্রশ্নেন সংবিদং সম্ভাষণম্, দ্রুপদবিদুরৌ পরস্পরমিতি শেষঃ। ‘স্ত্রী সংবিজ্জ্ঞানসম্ভাষাক্রিয়াকারাজিনামসু।” ইত্যমরঃ ॥১০॥

দদর্শেতি। স বিদুরঃ। অনাময়মারোগ্যম্ ॥১১॥

তৈরিতি। যথাক্রমং জ্যেষ্ঠানুক্রমেণ তৈর্যুধিষ্ঠিরাদিভিঃ পূজিতঃ অভিবাদনাদিনা সম্মানিতঃ। বসূনি ধনানি তল্লভ্যবস্ত্রাদীনি। যথা যাদৃগ্‌যাদৃঙ্‌নির্দ্দেশেন ॥১২—১৪॥

প্রোবাচেতি। প্রশ্রিতং প্রশ্রয়েণ প্রণয়েনান্বিতম্। “প্রশ্রয়প্রণয়ৌ সমৌ” ইত্যমরঃ ॥১৫॥

দ্রুপদও যথানিয়মে বিদুরকে গ্রহণ করিলেন। তাহার পর, দ্রুপদ ও বিদুর পরস্পর কুশলপ্রশ্নপ্রভৃতি শিষ্টালাপ করিলেন ॥১০॥

বিদুর সেখানে পাণ্ডবগণকে ও কৃষ্ণকে দেখিতে পাইলেন; তাহার পর, তিনি স্নেহবশতঃ তাঁহাদিগকে আলিঙ্গন করিয়া অনাময়প্রশ্ন করিলেন ॥১১॥

তখন যুধিষ্ঠিরপ্রভৃতিও জ্যেষ্ঠানুক্রমে বিদুরকে অভিবাদন করিলে, বুদ্ধিমান্ বিদুর ধৃতরাষ্ট্রের বচন অনুসারে সস্নেহে বার বার পাণ্ডবগণের নিকটে অনাময়-প্রশ্ন করিলেন; তাহার পর তিনি ধৃতরাষ্ট্রপ্রভৃতির নির্দ্দেশ অনুসারে পাণ্ডবগণকে, কুন্তীকে, দ্রৌপদীকে, দ্রুপদকে এবং দ্রুপদের পুত্রগণকে নানাবিধ ধন ও রত্ন উপহার দিলেন ॥১২–১৪॥

এবং বুদ্ধিমান্ বিদুর পাণ্ডবগণের ও কৃষ্ণের সমক্ষে বিনীতভাবে প্রণয়ী দ্রুপদ রাজাকে বলিলেন—॥১৫॥

(১৫)…প্রস্থতং বিনয়ান্বিতঃ…।

বিদুর উবাচ।

রাজন্! শৃণু সহামাত্যঃ সপুত্রশ্চ বচো মম।
ধৃতরাষ্ট্রঃ সপুত্রস্ত্বাং সহামাত্যঃ সবান্ধবঃ ॥১৬॥
অব্রবীৎ কুশলং রাজন্! প্রীয়মাণঃ পুনঃ পুনঃ।
প্রীতিমাংস্তে দৃঢ়ঞ্চাপি সম্বন্ধেন নরাধিপ! ॥১৭॥ (যুগ্মকম্)
তথা ভীষ্মঃ শান্তনবঃ কৌরবৈঃ সহ সর্ব্বশঃ।
কুশলং ত্বাং মহাপ্রাজ্ঞঃ সর্ব্বতঃ পরিপৃচ্ছতি ॥১৮॥
ভারদ্বাজো মহাপ্রাজ্ঞো দ্রোণঃ প্রিয়সখস্তব।
সমাশ্লেষমুপেত্য ত্বাং কুশলং পরিপৃচ্ছতি ॥১৯॥
ধৃতরাষ্ট্রশ্চ পাঞ্চাল্য! ত্বয়া সম্বন্ধমীযিবান্।
কৃতার্থং মন্যতেত্মানং তথা সর্ব্বেঽপি কৌরবাঃ ॥২০॥
ন তথা রাজ্যসম্প্রাপ্তিস্তেষাং প্রীতিকরী মতা।
যথা সম্বন্ধকং প্রাপ্য যজ্ঞসেন! ত্বয়া সহ ॥২১॥

ভারতকৌমুদী

রাজন্নিতি। "সহসমানয়োঃ সো বা" ইতি বিকল্পাদুভয়ত্রাপি সাদেশাভাবঃ। অব্রবী-দপৃচ্ছৎ। স্বতস্ত্বাং প্রতি প্রীয়মাণোঽপি, তে তব, সম্বন্ধেন বৈবাহিকত্বেন, দৃঢ়মেকান্তম্, প্রীতিমান্ সন্ ॥১৬—১৭॥

তথেতি। সর্ব্বশঃ সর্ব্বৈঃ। সর্ব্বতঃ সর্ব্বেষ্বেব বিষয়েষু ॥১৮॥

ভারদ্বাজ ইতি। সমাশ্লেষং গাঢ়ালিঙ্গনম্, উপেত্য প্রাপ্য কৃত্বেত্যর্থঃ ॥১৯॥

ধৃতেতি। ঈযিবান্ প্রাপ্তবান্ সন্। আত্মানমিত্যাকারলোপ আর্ষঃ ॥২০॥

ভারতভাবদীপঃ

ভীষ্ম ইতি ॥১—৮॥ ন্যায়তো জ্যেষ্ঠানুক্রমেণ। সংযুক্তম্ আলিঙ্গননমস্কারাদিনা মিলিতম্

বিদুর বলিলেন—'মহারাজ! আপনি পুত্রগণ ও মন্ত্রিগণের সহিত আমার কথা শ্রবণ করুন। আপনার প্রতি চিরদিনই সন্তুষ্ট রাজা ধৃতরাষ্ট্র আপনার সহিত এই সম্বন্ধ হওয়ায় অত্যন্ত আনন্দিত হইয়া, পুত্রগণ, মন্ত্রিগণ ও বন্ধুগণের সহিত একত্র থাকিয়া বার বার আপনার মঙ্গল জিজ্ঞাসা করিয়াছেন ॥১৬—১৭॥

এবং মহাপ্রাজ্ঞ শান্তনুনন্দন ভীষ্ম সমস্ত কৌরবগণের সহিত মিলিত হইয়া সমস্ত বিষয়েই আপনার মঙ্গল জিজ্ঞাসা করিতেছেন ॥১৮॥

আর, আপনার প্রিয় সখা মহাপ্রাজ্ঞ ভরদ্বাজনন্দন দ্রোণ আপনাকে গাঢ় আলিঙ্গন করিয়া মঙ্গলপ্রশ্ন করিতেছেন ॥১৯॥

মহারাজ! ধৃতরাষ্ট্র এবং কুরুবংশীয়েরা সকলে আপনার সহিত এই সম্বন্ধ লাভ করিয়া আপনাদিগকে কৃতার্থ মনে করিতেছেন ॥২০॥

এতদ্বিদিত্বা তু ভবান্ প্রস্থাপয়তু পাণ্ডবান্ ।
দ্রষ্টুং হি পাণ্ডুপুত্রাংস্তু ত্বরন্তি কুরবো ভৃশম্ ॥২২॥
বিপ্রোষিতা দীর্ঘকালমেতে চাপি নরর্ষভাঃ ।
উৎসুকা নগরং দ্রষ্টুং ভবিষ্যন্তি তথা পৃথা ॥২৩॥
কৃষ্ণামপি চ পাঞ্চালীং সর্ব্বাঃ কুরুবরস্ত্রিয়ঃ ।
দ্রষ্টুকামাঃ প্রতীক্ষন্তে পুরঞ্চ বিষয়াশ্চ নঃ ॥২৪॥
স ভবান্ পাণ্ডুপুত্রাণামাজ্ঞাপয়তু মা চিরম্ ।
গমনং সহদারাণামেতদত্র মতং মম ॥২৫॥
নিস্যষ্টেষু ত্বয়া রাজন্ ! পাণ্ডবেষু মহাত্মসু ।
ততোঽহং প্রেষয়িষ্যামি ধৃতরাষ্ট্রস্য শীঘ্রগান্ ।
আগমিষ্যন্তি কৌন্তেয়াঃ কুন্তী চ সহ কৃষ্ণয়া ॥২৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি বিদুরাগমনরাজ্যলাভে বিদুরদ্রুপদসংবাদে নবনবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

নেতি। সম্বন্ধকং বৈবাহিকসম্বন্ধম্। আদরে কপ্রত্যয়ঃ ॥২১॥
এতদিতি। প্রস্থাপয়তু প্রেরয়তু। হি যস্মাৎ। কুরবঃ কুরুবংশীয়াঃ ॥২২॥
বিপ্রোষিতা ইতি। বিপ্রোষিতা বিদেশমাগতাঃ। ভবিষ্যন্তি ভবেয়ুরিতি সম্ভাবনা ॥২৩॥
কৃষ্ণামিতি। পুরং পুরবাসী জনঃ, বিষয়া দেশা দেশবাসিনো জনাশ্চেত্যর্থঃ ॥২৪॥
স ইতি। সহদারাণাং সস্ত্রীকাণাং দ্রৌপদ্যা সহিতানামেবেত্যর্থঃ ॥২৫॥

---

একটা রাজ্যলাভও তাঁহাদের সেরূপ আনন্দ জন্মাইতে পারে না, আপনার সহিত এই সম্বন্ধলাভ তাঁহাদের যেরূপ আনন্দ জন্মাইয়াছে ॥২১॥

আপনি ইহা বুঝিয়া পাণ্ডবগণকে হস্তিনায় পাঠাইয়া দিন। কারণ, কুরুবংশীয়েরা পাণ্ডবগণকে দেখিবার জন্য অত্যন্ত ব্যস্ত হইয়াছেন ॥২২॥

আর, ইঁহারাও দীর্ঘকাল বিদেশে আসিয়াছেন; সুতরাং ইঁহারা এবং কুন্তীদেবী হস্তিনানগর দেখিবার জন্য নিশ্চয়ই উৎকণ্ঠিত হইয়াছেন ॥২৩॥

এবং কুরুকামিনীরা, আমাদের পুরবাসী ও দেশবাসী লোকেরা সকলেই দেখিবার ইচ্ছায় দ্রৌপদীর প্রতীক্ষা করিতেছেন ॥২৪॥

অতএব আপনি বিলম্ব করিবেন না, সত্বরই দ্রৌপদীর সহিত পাণ্ডবগণকে যাইবার জন্য আদেশ করুন; ইহাই আমার মত ॥২৫॥

---

* '…চতুরধিকদ্বিশততমঃ…' '…ষড়ধিকদ্বিশততমঃ…' '…অষ্টাধিকদ্বিশততমঃ…' '…পঞ্চবিংশত্যধিকদ্বিশততমঃ…' ইতি পাঠান্তরাণি।

# দ্বিশততমোঽধ্যায়ঃ

———:*:———

দ্রুপদ উবাচ।

এবমেতন্মহাপ্রাজ্ঞ! যথাত্থ বিদুরাদ্য মাম্।
মমাপি পরমো হর্ষঃ সম্বন্ধেঽস্মিন্ কৃতে প্রভো! ॥১॥
গমনঞ্চাপি যুক্তং স্যাদ্দৃঢ়মেষাং মহাত্মনাম্।
ন তু তাবন্ময়া যুক্তমেতদ্বক্তুং স্বয়ং গিরা ॥২॥
যদা তু মন্যতে বীরঃ কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ।
ভীমসেনার্জ্জুনৌ চৈব যমৌ চ পুরুষর্ষভৌ ॥৩॥

ভারতকৌমুদী

তত ইতি। ধৃতরাষ্ট্রস্য সমীপাদিতি শেষঃ, শীঘ্রগান্ এতান্, ষট্পদমিদং পদ্যম্ ॥২৬॥
ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়ামাদিপর্ব্বণি বিদুরাগমনরাজ্যলাভে নবনবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———০;*;০———

এবমিতি। আত্থ ব্রবীষীত্যতীতসামীপ্যে বর্ত্তমানা। সম্বন্ধে বৈবাহিকসম্পর্কে ॥১॥
গমনমিতি। দৃঢ়ং ধ্রুবম্। ন যুক্তম্, এষু বিরাগাবগমাদিতি ভাবঃ ॥২॥

ভারতভাবদীপঃ

॥ ৯—১৯॥ মন্যতেত্মানং আত্মানমিতি চ্ছেদঃ ॥২০—২৫॥ নিসৃষ্টেষু অনুজ্ঞাতেষু ॥২৬॥
ইতি আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে নবনবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৯৯॥

———:*:———

মহারাজ! আপনি মহাত্মা পাণ্ডবগণকে পাঠাইয়া দিলে, তা'র পর, আমিই আবার ধৃতরাষ্ট্রের নিকট হইতে সত্বর ইঁহাদিগকে পাঠাইয়া দিব; ইঁহারাও কুন্তী ও দ্রৌপদীর সহিত পুনরায় এখানে আসিবেন ॥২৬॥

———:⊙:———

দ্রুপদ রাজা বলিলেন—'বিদুর! আপনি এখন আমাকে যাহা বলিলেন, তাহা সত্য বটে; আমারও এই সম্বন্ধ করিতে পারায় গুরুতর আনন্দ জন্মিয়াছে ॥১॥

ইঁহাদেরও হস্তিনায় যাওয়া অত্যন্ত সঙ্গত। কিন্তু একথা আমার নিজেরই বলা উচিত নহে ॥২॥

তবে যুধিষ্ঠির, ভীম, অর্জ্জুন, নকুল ও সহদেব ইঁহারা যদি হস্তিনায় যাওয়া

রামকৃষ্ণৌ চ ধর্ম্মজ্ঞৌ তদা গচ্ছন্তু পাণ্ডবাঃ।
এতৌ হি পুরুষব্যাঘ্রাবেষাং প্রিয়হিতে রতৌ ॥৪॥ (যুগ্মকম্)

যুধিষ্ঠির উবাচ।

পরবন্তো বয়ং রাজন্! ত্বয়ি সর্ব্বে সহানুগাঃ।
যথা বক্ষ্যসি নঃ প্রীত্যা তৎ করিষ্যামহে বয়ম্ ॥৫॥

বৈশম্পায়ন উবাচ।

ততোঽব্রবীদ্বাসুদেবো গমনং রোচতে মম।
যথা বা মন্যতে রাজা দ্রুপদঃ সর্ব্বধর্ম্মবিৎ ॥৬॥

দ্রুপদ উবাচ।

যথৈব মন্যতে বীরো দাশার্হঃ পুরুষোত্তমঃ।
প্রাপ্তকালং মহাবাহুঃ সা বুদ্ধির্নিশ্চিতা মম ॥৭॥
যথৈব হি মহাভাগাঃ কৌন্তেয়া মম সাম্প্রতম্।
তথৈব বাসুদেবস্য পাণ্ডুপুত্রা ন সংশয়ঃ ॥৮॥

ভারতকৌমুদী

যদেতি। যদা যদি। যমৌ নকুলসহদেবৌ। হি যস্মাৎ, এতৌ রামকৃষ্ণৌ॥৩—৪॥
পরেতি। পরবন্তঃ অধীনাঃ। সহানুগাঃ সানুচরাঃ। নঃ অস্মান্ ॥৫॥
তত ইতি। সর্ব্বধর্ম্মবিদিত্যনেন নীতিজ্ঞত্বং সূচিতম্ ।৬॥
যথেতি। দাশার্হঃ কৃষ্ণঃ। প্রাপ্তকালম্ উপস্থিতসময়োপযোগি ॥৭॥
নমু কৃষ্ণং প্রতীদৃশবিশ্বাসে কো হেতুরিত্যাহ যথেতি। যথা প্রিয়াঃ, নাতিচিরবৃত্তজামাতৃত্বসম্বন্ধাদিতি ভাবঃ। সাম্প্রতমিত্যনেন বাসুদেবস্য চিরপ্রিয়ত্বং সূচিতম্, পিতৃস্বস্রেয়ত্বাৎ ॥৮॥

সঙ্গত মনে করেন এবং রাম ও কৃষ্ণ যদি তাহা অনুমোদন করেন, তাহা হইলে পাণ্ডবগণ যাইতে পারেন। কারণ, পুরুষশ্রেষ্ঠ রাম ও কৃষ্ণ পাণ্ডবগণের প্রিয় ও হিত কার্য্যে নিরত আছেন' ॥৩—৪॥

যুধিষ্ঠির কহিলেন—'মহারাজ! অনুচরবর্গের সহিত আমরা সকলেই আপনার অধীন; সুতরাং আপনি প্রীতিসহকারে আমাদিগকে যাহা বলিবেন, আমরা তাহাই করিব' ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর, কৃষ্ণ কহিলেন—'পাণ্ডবগণের হস্তিনায় যাওয়াই আমার অভিপ্রেত। এখন সর্ব্বধর্ম্মজ্ঞ দ্রুপদ রাজা যাহা মনে করেন' ॥৬॥

দ্রুপদ রাজা বলিলেন—'পুরুষশ্রেষ্ঠ কৃষ্ণ যাহা সময়োপযোগী মনে করেন, আমারও তাহাই মত' ॥৭॥

ন তদ্ধ্যায়তি কৌন্তেয়ঃ পাণ্ডুপুত্রো যুধিষ্ঠিরঃ।
যথৈষাং পুরুষব্যাঘ্রঃ শ্রেয়ো ধ্যায়তি কেশবঃ ॥৯॥

বৈশম্পায়ন উবাচ।

ততস্তে সমনুজ্ঞাতা দ্রুপদেন মহাত্মনা।
পাণ্ডবাশ্চৈব কৃষ্ণশ্চ বিদুরশ্চ মহীপতে ! ॥১০॥
আদায় দ্রৌপদীং কৃষ্ণাং কুন্তীঞ্চৈব যশস্বিনীম্।
সবিহারং সুখং জগ্মুর্নগরং নাগসাহ্বয়ম্ ॥১১॥ (যুগ্মকম্)
শ্রুত্বা চাপ্যাগতান্ বীরান্ ধৃতরাষ্ট্রো জনেশ্বরঃ।
প্রতিগ্রহায় পাণ্ডূনাং প্রেষয়ামাস কৌরবান্ ॥১২॥
বিকর্ণঞ্চ মহেষ্বাসং চিত্রসেনঞ্চ ভারত ! ।
দ্রোণঞ্চ পরমেষ্বাসং গৌতমং কৃপমেব চ ॥১৩॥ (যুগ্মকম্)
তৈস্তে পরিবৃতা বীরাঃ শোভমানা মহাবলাঃ।
নগরং হাস্তিনপুরং শনৈঃ প্রবিবিশুস্তদা ॥১৪॥

ভারতকৌমুদী

নেতি। তৎ তাদৃশং শ্রেয়ঃ। এষাং পাণ্ডুপুত্রাণাম্। শ্রেয়ো মঙ্গলম্ ॥৯॥
তত ইতি। তে পাণ্ডবা ইতি সম্বন্ধঃ। সবিহারং সবিলাসম্ ॥১০—১১॥
শ্রুত্বেতি। প্রতিগ্রহায় আদরেণানয়নায়। গৌতমমিতি কৃপবিশেষণমেব ॥১২—১৩॥
তৈরিতি। তৈর্বিকর্ণাদিভিঃ, তে পাণ্ডবাঃ ॥১৪॥

ভারতভাবদীপঃ

এবমিতি ॥১—১০॥ সবিহারং সলীলম্ ॥১১॥ প্রতিগ্রহায় প্রত্যুদ্গমনায় ॥১২—১৪॥

কারণ, বর্ত্তমান সময়ে পাণ্ডবগণ আমার যেমন স্নেহের পাত্র হইয়াছেন, কৃষ্ণের তেমন স্নেহের পাত্র চিরদিনই আছেন ॥৮॥

সুতরাং কৃষ্ণ ইঁহাদের যেরূপ মঙ্গল চিন্তা করেন, স্বয়ং যুধিষ্ঠিরও সেরূপ নিজেদের মঙ্গল চিন্তা করেন না' ॥৯॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর, দ্রুপদ রাজার অনুমতিক্রমে পাণ্ডবগণ, কৃষ্ণ এবং বিদুর ইঁহারা দ্রৌপদী ও কুন্তীকে লইয়া বিলাস ও আনন্দের সহিত হস্তিনারাজধানীতে গমন করিলেন ॥১০—১১॥

ধৃতরাষ্ট্রও, পাণ্ডবগণ আসিয়াছেন শুনিতে পাইয়া তাঁহাদিগকে আনিবার জন্য বিকর্ণ, চিত্রসেন, দ্রোণাচার্য্য ও কৃপাচার্য্যকে পাঠাইয়া দিলেন ॥১২—১৩॥

তাহার পর, পাণ্ডবগণ চিত্রসেনপ্রভৃতি দ্বারা পরিবেষ্টিত ও শোভিত হইয়া ধীরে ধীরে হস্তিনানগরে প্রবেশ করিলেন ॥১৪॥

পাণ্ডবানাগতান্ শ্রুত্বা নাগরাস্তু কুতূহলাৎ।
মণ্ডয়াঞ্চক্রিরে তত্র নগরং নাগসাহ্বয়ম্ ॥১৫॥
মুক্তপুষ্পাবকীর্ণস্তু জলসিক্তস্তু সর্ব্বতঃ।
ধূপিতং দিব্যধূপেন মঙ্গলৈশ্চাভিসংবৃতম্ ॥১৬॥
পতাকোচ্ছ্রিতমাল্যঞ্চ পুরমপ্রতিমং বভৌ।
শঙ্খভেরীনিনাদৈশ্চ নানাবাদিত্রনিস্বনৈঃ ॥১৭॥ (যুগ্মকম্)
কৌতূহলেন নগরং দীপ্যমানমিবাভবৎ।
যত্র তে পুরুষব্যাঘ্রাঃ শোকদুঃখবিনাশনাঃ ॥১৮॥
তত উচ্চাবচা বাচঃ পৌরৈঃ প্রিয়চিকীর্ষুভিঃ।
উদীরিতা অশৃণ্বংস্তে পাণ্ডবা হৃদয়ঙ্গমাঃ ॥১৯॥
অয়ং স পুরুষব্যাঘ্রঃ পুনরায়াতি ধর্ম্মবিৎ।
যো নঃ স্বানিব দায়াদান্ ধর্ম্মেণ পরিরক্ষতি ॥২০॥

## ভারতকৌমুদী

পাণ্ডবানিতি। নাগরা নগরবাসিনো জনাঃ। মণ্ডয়াঞ্চক্রিরে অলঞ্চক্রুঃ ॥১৫॥
মুক্তেতি। মুক্তৈর্নিক্ষিপ্তৈঃ পুষ্পৈঃ অবকীর্ণং ব্যাপ্তম্। মঙ্গলৈঃ পূর্ণঘটাদিভিঃ। পতাকাসু উচ্ছ্রিতানি উত্তোল্য লম্বিতানি মাল্যানি যত্র তৎ ॥১৬—১৭॥
কৌতূহলেনেতি। দীপ্যমানং শোভমানম্। শোকদুঃখবিনাশনা আসন্নিতি শেষঃ ॥১৮॥
তত ইতি। উচ্চাবচা নানাপ্রকারাঃ। হৃদয়ঙ্গমা মনোহরাঃ ॥১৯॥
অয়মিতি। অয়ং যুধিষ্ঠিরঃ। আয়াতীত্যতীতসামীপ্যে বর্ত্তমানা। দায়াদান্ পুত্রান্ ॥২০॥

---

পাণ্ডবগণ আসিয়াছেন শুনিয়া নগরবাসী লোকেরা কৌতুকবশতঃ তখনই নগরটীকে সুসজ্জিত করিল ॥১৫॥

নানাস্থানে ফুল ছড়াইয়া দিল, জলসেক করিল, সুগন্ধি ধূপে সুবাসিত করিয়া পূর্ণকুম্ভপ্রভৃতি মাঙ্গলিক বস্তু সাজাইয়া রাখিল এবং পতাকা তুলিয়া তাহাতে মালা ঝুলাইয়া দিল; আর শঙ্খ ও ভেরীপ্রভৃতি নানা বাদ্যধ্বনি হইতে থাকিল; তাহাতে সেই অতুলনীয় নগরটী শোভা পাইতে লাগিল ॥১৬-১৭॥

তখন লোকের শোক ও দুঃখনিবারক পুরুষশ্রেষ্ঠ পাণ্ডবগণ আসিয়াছেন বলিয়া নগরটী যেন কৌতুকবশতঃ শোভা পাইতে থাকিল ॥১৮॥

তাহার পর, পুরবাসীরা পাণ্ডবগণের সন্তোষ জন্মাইবার জন্য নানাবিধ মনোহর কথা বলিতে থাকিল; তাহা তাঁহারা শুনিতে লাগিলেন ॥১৯॥

---

১৫—১৭ পদ্যানি কতিপয়পুস্তকে ন দৃশ্যন্তে। (১৮)···দীর্ঘ্যমাণমিবাভবৎ···।

অদ্য পাণ্ডুর্মহারাজো বনাদিব জনপ্রিয়ঃ।
আগতঃ প্রিয়মস্মাকং চিকীর্ষুর্নাত্র সংশয়ঃ ॥২১॥
কিন্নু নাদ্য কৃতং তাত! সর্ব্বেষাং নঃ পরং প্রিয়ম্।
যন্নঃ কুন্তীসুতা বীরা নগরং পুনরাগতাঃ ॥২২॥
যদি দত্তং যদি হুতং বিদ্যতে যদি নস্তপঃ।
তেন তিষ্ঠন্তু নগরে পাণ্ডবাঃ শরদাং শতম্ ॥২৩॥
ততস্তে ধৃতরাষ্ট্রস্য ভীষ্মস্য চ মহাত্মনঃ।
অন্যেষাঞ্চ তদর্হাণাং চক্রুঃ পাদাভিবন্দনম্ ॥২৪॥
কৃত্বা তু কুশলপ্রশ্নং সর্ব্বেণ নগরেণ চ।
ন্যবিশন্তাথ বেশ্মানি ধৃতরাষ্ট্রস্য শাসনাৎ ॥২৫॥

ভারতকৌমুদী

অদ্যেতি। পাণ্ডুরাগত ইব, তদ্বদানন্দলাভাদিতি ভাবঃ ॥২১॥

কিন্নিতি। কৃতং কুন্তীসুতৈরিতি শেষঃ। নঃ অস্মাকম্, পরম্ অত্যন্তম্ ॥২২॥

যদীতি। তেন অস্মাকং দানাদিজনিতপুণ্যেন। শরদাং বৎসরাণাম্ ॥২৩॥

তত ইতি। তে পাণ্ডবাঃ। তদর্হাণাং পাদাভিবন্দনযোগ্যানাম্ ॥২৪॥

কৃত্বেতি। নগরেণ নগরবাসিনা জনেন সহ, কুশলপ্রশ্নং কৃত্বা কৃতপরস্পরকুশলপ্রশ্নাঃ পাণ্ডবা ইত্যর্থঃ। বেশ্মানি স্ববাসযোগ্যগৃহাণি। শাসনাদাদেশাৎ ॥২৫॥

ভারতভাবদীপঃ

কৌতূহলেন দর্শনেচ্ছয়া ॥১৫—২১॥ কিং নু নঃ প্রিয়ং ন কৃতমপি তু সর্ব্বং কৃতমেব, "কিং তু" ইতি পাঠে, তুশব্দো বাক্যালঙ্কারে পুনঃশব্দার্থঃ, কিং পুনর্ন কৃতম্ অপি তু সর্ব্বং কৃত-

'এই সেই পুরুষশ্রেষ্ঠ ধর্ম্মজ্ঞ যুধিষ্ঠির পুনরায় আসিয়াছেন, যিনি ধর্ম্ম অনুসারে আমাদিগকে আপন পুত্রের ন্যায় পালন করিবেন ॥২০॥

আজ লোকপ্রিয় মহারাজ পাণ্ডুই যেন আমাদের প্রীতি সম্পাদন করিবার ইচ্ছায় বন হইতে আগমন করিয়াছেন ॥২১॥

ইঁহারা আজ আমাদের কোন্ প্রীতিকর কার্য্য না করিলেন? যেহেতু ইঁহারা পুনরায় আমাদের এই নগরে আসিয়াছেন ॥২২॥

আমরা যদি দান করিয়া থাকি, বা হোম করিয়া থাকি, কিংবা আমাদের তপস্যা থাকে, তবে সেই পুণ্যে পাণ্ডবেরা শত বৎসর এই নগরে বাস করুন' ॥২৩॥

তাহার পর, পাণ্ডবগণ ভীষ্মের, ধৃতরাষ্ট্রের এবং অন্যান্য পূজনীয় ব্যক্তিদের চরণে নমস্কার করিলেন ॥২৪॥

২৫ শ্লোকাৎ পরম্ অধ্যায়সমাপ্তিঃ ক্বচিৎ।

দুর্য্যোধনস্য মহিষী কাশিরাজসুতা তদা।
ধৃতরাষ্ট্রস্য পুত্রাণাং বধূভিঃ সহিতা তদা ॥২৬॥
পাঞ্চালীং প্রতিজগ্রাহ সাধ্বীং শ্রিয়মিবাপরাম্।
পূজয়ামাস পূজার্হাং শচীদেবীমিবাগতাম্ ॥২৭॥ (যুগ্মকম্)
ববন্দে তত্র গান্ধারীং কৃষ্ণয়া সহ মাধবী।
আশিষশ্চ প্রযুক্ত্বা তু পাঞ্চালীং পরিষস্বজে ॥২৮॥
পরিষ্বজ্যৈব গান্ধারী কৃষ্ণাং কমললোচনাম্।
পুত্রাণাং মম পাঞ্চালী মৃত্যুরেবেত্যমন্যত ॥২৯॥
সঞ্চিন্ত্য বিদুরং প্রাহ যুক্তিতঃ সুবলাত্মজা।
কুন্তীং রাজসুতাং ক্ষত্তঃ! সবধূং সপরিচ্ছদাম্ ॥৩০॥
পাণ্ডোর্নিবেশনং শীঘ্রং নীয়তাং যদি রোচতে।
করণেন মুহূর্ত্তেন নক্ষত্রেণ শুভে তিথৌ ॥৩১॥ (যুগ্মকম্)

---

ভারতকৌমুদী

দুর্য্যোধনস্যেতি। পুত্রাণাং দুঃশাসনাদীনাম্। প্রতিজগ্রাহ আদৃত্য নিনায় ॥২৬—২৭॥ **ববন্দ** ইতি। কৃষ্ণয়া দ্রৌপদ্যা সহ মাধবী কুন্তী। পরিষস্বজে গান্ধারীতি শেষঃ ॥২৮॥ পরীতি। অমন্যত আশঙ্কত, মনোবৃত্তিবৈচিত্র্যাদিত্যাশয়ঃ ॥২৯॥

সঞ্চিন্ত্যেতি। যুক্তিতো যুক্তিং ন্যায়মনুসৃত্য। ক্ষত্তঃ! হে বিদুর!। সবধূং দ্রৌপদ্যা সহিতাম্, সপরিচ্ছদাং সোপকরণাম্, কুন্তীমাদায়েতি শেষঃ। করণেন ববাদ্যন্তর্গতান্যতমেন, মুহূর্ত্তেন লগ্নেন, নক্ষত্রেণ চ তত্তদ্যোগেনেত্যর্থঃ শুভে শুভজনকে তিথৌ ॥৩০—৩১॥

---

তৎপরে, তাঁহারা নগরবাসী সকল লোকের সহিতই পরস্পর কুশলপ্রশ্ন করিয়া ধৃতরাষ্ট্রের আদেশে গৃহে প্রবেশ করিলেন ॥২৫॥

তখন দুর্য্যোধনের মহিষী কাশিরাজসুতা ধৃতরাষ্ট্রের অন্যপুত্রবধূগণের সহিত মিলিত হইয়া, দ্বিতীয়া লক্ষ্মীর ন্যায় দ্রৌপদীকে আদরের সহিত গ্রহণ করিলেন এবং আগতা শচীদেবীর ন্যায় মাননীয়া দ্রৌপদীর সম্মান করিলেন ॥২৬-২৭॥

সেই সময়ে কুন্তীদেবী দ্রৌপদীর সহিত মিলিত হইয়া গান্ধারীকে নমস্কার করিলেন; গান্ধারীও আশীর্ব্বাদ করিয়া দ্রৌপদীকে আলিঙ্গন করিলেন ॥২৮॥

কিন্তু গান্ধারী দ্রৌপদীকে আলিঙ্গন করিয়াই এইরূপ মনে করিলেন যে, এই দ্রৌপদীই আমার পুত্রগণের মৃত্যুর কারণ হইবেন ॥২৯॥

তাহার পর, তিনি চিন্তা করিয়া ন্যায় অনুসরণপূর্ব্বক বিদুরকে কহিলেন—'বিদুর! আপনার যদি ইচ্ছা হয়, তাহা হইলে করণ, লগ্ন ও নক্ষত্রের যোগ-

যথা সুখং তথা কুন্তী রংস্যতে স্বগৃহে সুতৈঃ।
তথেত্যেব তদা ক্ষত্তা কারয়ামাস তত্তথা ॥৩২॥
পূজয়ামাসুরত্যর্থং বান্ধবাঃ পাণ্ডবাংস্তদা।
নাগরাঃ শ্রেণিমুখ্যাশ্চ পূজয়ন্তি স্ম পাণ্ডবান্ ॥৩৩॥
ভীষ্মো দ্রোণঃ কৃপঃ কর্ণো বাহ্লীকঃ সসুতস্তদা।
শাসনাদ্ধৃতরাষ্ট্রস্য অকুর্ব্বন্নতিথিক্রিয়াম্ ॥৩৪॥
এবং বিহরতাং তেষাং পাণ্ডবানাং মহাত্মনাম্।
নেতা সর্ব্বস্য কার্য্যস্য বিদুরো রাজশাসনাৎ ॥৩৫॥
বিশ্রান্তাস্তে মহাত্মানঃ কঞ্চিৎ কালং মহাবলাঃ।
আহূতা ধৃতরাষ্ট্রেণ রাজ্ঞা শান্তনবেন চ ॥৩৬॥

### ভারতকৌমুদী

যথেতি। রংস্যতে অবস্থাস্যতে। তথা ইত্যুক্তৈব। ক্ষত্তা বিদুরঃ ॥৩২॥
পূজয়ামাসুরিতি। শ্রেণিমুখ্যাঃ স্বস্ববর্গপ্রধানাঃ, পূজয়ন্তি স্ম আদৃতবন্তঃ ॥৩৩॥
ভীষ্ম ইতি। শাসনাদাদেশাৎ। অতিথিক্রিয়াম্ অতিথিবদ্ভোজনাদিব্যাপারম্ ॥৩৪॥
এবমিতি। নেতা পরিচালক আসীৎ। রাজ্ঞো ধৃতরাষ্ট্রস্য শাসনাদাদেশাৎ ॥৩৫॥
বিশ্রান্তা ইতি। কঞ্চিৎ কালং বিশ্রান্তাঃ, তে পাণ্ডবাঃ। শান্তনবেন ভীষ্মেণ ॥৩৬॥

বশতঃ শুভজনক তিথিতে সমস্ত উপকরণ (আসবাব) ও দ্রৌপদীর সহিত কুন্তীকে নিয়া সত্বর আপনি পাণ্ডুর গৃহে সংস্থাপিত করুন ॥৩০—৩১॥

সেই আপন গৃহে যাহাতে সুখ হয়, তেমন ভাবে কুন্তী পুত্রগণের সহিত অবস্থান কবিবেন'। 'তাহাই হউক' এই কথা বলিয়া বিদুর তাহাই করিলেন ॥৩২॥

তখন বন্ধুগণ, পুরবাসিগণ এবং দলের প্রধান প্রধান লোকেরা পাণ্ডবগণের বিশেষ সম্মান করিতে লাগিল ॥৩৩॥

এবং ধৃতরাষ্ট্রের আদেশক্রমে ভীষ্ম, দ্রোণ, কৃপ, কর্ণ ও পুত্রগণের সহিত বাহ্লীক ইঁহারা পাণ্ডবগণের শয়ন-ভোজনপ্রভৃতির ব্যবস্থা করিতে থাকিলেন ॥৩৪॥

এই ভাবে পাণ্ডবগণ অবস্থান করিতে লাগিলেন; তখন ধৃতরাষ্ট্রের আদেশ অনুসারে বিদুর তাঁহাদের সমস্ত কার্য্যেরই নেতা হইলেন ॥৩৫॥

এই ভাবে পাণ্ডবগণ কিছু কাল অবস্থান করিলে, এক দিন ধৃতরাষ্ট্র ও ভীষ্ম তাঁহাদিগকে আহ্বান করিলেন ॥৩৬॥

২৬—৩৫ শ্লোকা অনেকপুস্তকে ন দৃশ্যন্তে।

ধৃতরাষ্ট্র উবাচ।

ভ্রাতৃভিঃ সহ কৌন্তেয়! নিবোধ গদতো মম।
পুনর্নো বিগ্রহো মাভূৎ খাণ্ডবপ্রস্থমাবিশ ॥৩৭॥
ন চ বো বসতস্তত্র কশ্চিচ্ছক্তঃ প্রবাধিতুম্।
সংরক্ষ্যমাণান্ পার্থেন ত্রিদশানিব বজ্রিণা ॥৩৮॥
অর্দ্ধং রাজ্যস্য সম্প্রাপ্য খাণ্ডবপ্রস্থমাবিশ।

বৈশম্পায়ন উবাচ।

প্রতিগৃহ্য তু তদ্বাক্যং নৃপং সর্ব্বে প্রণম্য চ ॥৩৯॥
প্রতস্থিরে ততো ঘোরং বনং তন্মনুজর্ষভাঃ।
অর্দ্ধং রাজ্যস্য সম্প্রাপ্য খাণ্ডবপ্রস্থমাবিশন্ ॥৪০॥ (যুগ্মকম্)
ততস্তে পাণ্ডবাস্তত্র গত্বা কৃষ্ণপুরোগমাঃ।
মণ্ডয়াঞ্চক্রিরে তদ্বৈ পুরং স্বর্গবদচ্যুতাঃ ॥৪১॥

ভারতকৌমুদী

ভ্রাতৃভিরিতি। হে কৌন্তেয়! যুধিষ্ঠির!। নঃ অস্মাকম্, বিগ্রহঃ কলহঃ ॥৩৭॥
নেতি। বো যুষ্মান্। তত্র খাণ্ডবপ্রস্থে। পার্থেন অর্জ্জুনেন। বজ্রিণা ইন্দ্রেণ ॥৩৮॥
নন্বিদমপি কিং পূর্ব্ববদেবাস্মাকং খাণ্ডবপ্রস্থে নির্বাসনম্, উত বা রাজ্যবিভাগেন প্রস্থাপনমিত্যাহ অর্দ্ধমিতি। প্রতিগৃহ্য স্বীকৃত্য। ঘোরং বনং পথি স্থিতম্ ॥৩৯—৪০॥

ভারতভাবদীপঃ

মেবেতি পূর্ব্ববদেবার্থঃ ॥২২—২৪॥ নগরেণ সহ কুশলপ্রশ্নং কৃত্বা নগরেণাপি কৃতকুশলপ্রশ্নাঃ ॥২৫—৩৭॥ পার্থেন অর্জ্জুনেন ॥৩৮—৩৯॥ ঘোরং বনমিতি ভূমেরর্দ্ধং শস্যশূন্যো দেশঃ

পরে ধৃতরাষ্ট্র কহিলেন—'যুধিষ্ঠির! তুমি ভ্রাতৃগণের সহিত আমার কথা শোন। আমাদের মধ্যে আবার বিবাদ না হয়, এই জন্য তোমরা যাইয়া ইন্দ্রপ্রস্থে বাস কর ॥৩৭॥

তোমরা সেখানে যাইয়া বাস করিতে থাকিলে, দেবরাজ যেমন দেবগণকে রক্ষা করেন, তেমন অর্জ্জুন তোমাদিগকে রক্ষা করিবে; সুতরাং কেহই উৎপীড়ন করিতে পারিবে না ॥৩৮॥

তোমরা রাজ্যের অর্দ্ধাংশ লাভ করিয়াই ইন্দ্রপ্রস্থে যাইয়া প্রবেশ কর'। বৈশম্পায়ন বলিলেন—মনুষ্যশ্রেষ্ঠ পাণ্ডবগণ ধৃতরাষ্ট্রের সেই কথা স্বীকার করিয়া এবং তাঁহাকে প্রণাম করিয়া, ভয়ঙ্কর বনপথ দিয়া ইন্দ্রপ্রস্থে প্রস্থান করিলেন এবং অর্দ্ধ রাজ্যের অধীশ্বর হইয়াই তথায় যাইয়া প্রবেশ করিলেন ॥৩৯—৪০॥

ততঃ পুণ্যে শুভে দেশে শান্তিং কৃত্বা মহারথাঃ।
নগরং মাপয়ামাসুর্দ্বৈপায়নপুরোগমাঃ ॥৪২॥
সাগরপ্রতিরূপাভিঃ পরিখাভিরলঙ্কৃতম্।
প্রাকারেণ চ সম্পন্নং দিবমাবৃত্য তিষ্ঠতা ॥৪৩॥
পাণ্ডুরাভ্রপ্রকাশেন হিমরশ্মিনিভেন চ।
শুশুভে তৎ পুরশ্রেষ্ঠং নাগৈর্ভোগবতী যথা ॥৪৪॥ (যুগ্মকম্)
দ্বিপক্ষগরুড়প্রখ্যৈর্দ্বারৈঃ সৌধৈশ্চ শোভিতম্।
গুপ্তমভ্রচয়প্রখ্যৈর্গোপুরৈর্মন্দরোপমৈঃ ॥৪৫॥

## ভারতকৌমুদী

তত ইতি। অচ্যুতা ধর্ম্মাদস্খলিতাঃ ॥৪১॥

তত ইতি। মাপয়ামাসুঃ সীমানির্দ্দেশার্থম্। দ্বৈপায়নপুরোগমা ব্যাসমগ্রেসরীকৃত্য ॥৪২॥

সাগরেতি। দিবমাকাশম্, আবৃত্য ব্যাপ্য। পাণ্ডুরাভ্রপ্রকাশেন শুভ্রমেঘসদৃশেন, হিমরশ্মিনিভেন চন্দ্রতুল্যশুভ্রবর্ণেন প্রাকারেণেতি সম্বন্ধঃ। ভোগবতী নদী, তদ্বেষ্টিতং পাতালমিত্যর্থঃ ॥৪৩—৪৪॥

দ্বিপক্ষেতি। দ্বিপক্ষগরুড়প্রখ্যৈঃ প্রসারিতপক্ষদ্বয়গরুড়তুল্যৈঃ, দ্বারৈর্দ্বারস্থকপাটৈঃ। অভ্রচয়প্রখ্যৈর্বিশালাকাশসদৃশৈঃ, গোপুরৈর্দ্বারৈস্তদবকাশৈরিত্যর্থঃ। গুপ্তং রক্ষিতম্ ॥৪৫॥

## ভারতভাবদীপঃ

পাণ্ডবেভ্যো দত্ত ইতি জ্ঞায়তে ॥৪০॥ তদ্বৈ তদ্ঘোরং বনং সৎ স্বর্গবৎ মণ্ডয়াঞ্চক্রিরে ॥৪১॥ তদেবাহ—নগরং মাপয়ামাসুরিত্যাদিনা ॥৪২—৪৩॥ ভোগবতীমিবেতি প্রথমার্থে দ্বিতীয়া।

তদনন্তর, ধার্ম্মিক পাণ্ডবগণ কৃষ্ণের সহিত সেখানে যাইয়া স্বর্গপুরীর ন্যায় সেই পুরীটীকে অলঙ্কৃত করিলেন ॥৪১॥

তাহার পর, তাঁহারা পবিত্র ও মঙ্গলজনক স্থানে স্বস্ত্যয়ন করিয়া, বেদব্যাসের সহিত মিলিত হইয়া, সেই নগরটীকে মাপিলেন ॥৪২॥

তৎপরে, তাঁহারা সমুদ্রের ন্যায় বিশাল পরিখা দ্বারা এবং জলশূন্য মেঘ ও চন্দ্রের তুল্য শুভ্রবর্ণ অত্যুচ্চ প্রাচীর দ্বারা সেই নগরটীকে অলঙ্কৃত করিলেন; তখন বিশাল সর্পগণ ও ভোগবতী নদী দ্বারা পরিবেষ্টিত পাতালপুরের ন্যায় সেই নগরটী শোভা পাইতে লাগিল ॥৪৩—৪৪॥

সে নগরটী বহুসংখ্যক অট্টালিকা দ্বারা শোভিত হইল এবং মন্দরপর্ব্বতের ন্যায় বিশাল দ্বার, আর গরুড়ের পক্ষ দ্বয়ের ন্যায় বিশাল কপাট দ্বারা রক্ষিত হইল ॥৪৫॥

---

(৪৪)···নাগৈর্ভোগবতীমিব।

*বিবিধৈরভিনির্বদ্ধৈঃ শস্ত্রোপেতৈঃ সুসংবৃতৈঃ।*
**শক্তিভিশ্চাবৃতং তদ্ধি দ্বিজিহ্বৈরিব পন্নগৈঃ ॥৪৬॥**
**তল্পৈশ্চাভ্যাসিকৈর্যুক্তং শুশুভে যোধরক্ষিতম্।**
**তীক্ষ্ণাঙ্কুশশতঘ্নীভির্যন্ত্রজালৈশ্চ শোভিতম্ ॥৪৭॥**
**আয়সৈশ্চ মহাচক্রৈঃ শুশুভে তৎ পুরোত্তমম্।**
**সুবিভক্তমহারথ্যং দেবতাবাধবর্জিতম্ ॥৪৮॥**
**বিরোচমানং বিবিধৈঃ পাণ্ডুরৈর্ভবনোত্তমৈঃ।**
**তত্ত্রিপিষ্টপসঙ্কাশমিন্দ্রপ্রস্থং ব্যরোচত ॥৪৯॥**

---

### ভারতকৌমুদী

বিবিধৈরিতি। অভিনির্ব্বধ্যন্তে যথাস্থানমালম্ব্যন্তে বর্ম্মকার্ম্মুকাদীনি যেষু তৈর্গৃহৈরিত্যর্থঃ। শক্তীনামপি বিভক্তমুখত্বাৎ সাম্যনির্ব্বাহার্থং দ্বিজিহ্বৈরিতি পন্নগবিশেষণম্। তৎ পুরম্ ॥৪৬॥

তল্পৈরিতি। তল্পৈরট্টালিকাভিঃ, "তল্পং শয্যাট্টদারেষু" ইত্যমরঃ, অভ্যাসেন অট্টালিকাদিনির্ম্মাণানুশীলনেন সংসৃষ্টৈস্তৈর্যুক্তম্, যোধৈর্যোদ্ধৃভিঃ রক্ষিতম্, তীক্ষ্ণাঙ্কুশাশ্চ শতঘ্ন্য আগ্নেয়দ্রব্যপ্রভাবাদ্গুড়কক্ষেপেণ যুগপদনেকঘাতকাঃ প্রাচীরশিরসি স্থাপিতা যন্ত্রবিশেষাশ্চ তাভিঃ, যন্ত্রজালৈর্জলযন্ত্রাদিসমূহৈশ্চ শোভিতং তৎ পুরম্, শুশুভে ॥৪৭॥

আয়সৈরিতি। আয়সৈর্লৌহময়ৈঃ। সুবিভক্তা মহত্যো রথ্যা যত্র তৎ। দেবতাবাধৈর্দৈবৈরুৎপাতৈর্ভূবিদারণাদিভির্ব্বর্জিতম্। তদিন্দ্রপ্রস্থং নাম পুরোত্তমং শুশুভে ॥৪৮॥

### ভারতভাবদীপঃ

ঈমিতি নিপাতপ্রশ্লেষো বা, ভোগবতী যথেত্যপেক্ষিতে প্রমাদপাঠো বা ॥৪৪—৪৫॥ নির্ব্বিদ্ধৈঃ অচ্ছিদ্রৈঃ অভেদ্যৈর্বা, শক্তিভিঃ হস্তক্ষেপ্যাভির্লোহময়ীভিঃ ॥৪৬॥ তীক্ষ্ণাশ্চ তে অঙ্কুশাশ্চ শতঘ্ন্যশ্চ তাভিঃ, আগ্নেয়ৌষধবলেনোৎক্ষিপ্তেন দৃষৎপিণ্ডেন যা যুগপৎ শতং সহস্রং বা

---

নানাবিধ গৃহে নানাবিধ অস্ত্র রক্ষিত হইল এবং জিহ্বাদ্বয়যুক্ত সর্পের ন্যায় শক্তি (অস্ত্রবিশেষ) সংগৃহীত করা হইল ॥৪৬॥

অসংখ্য অট্টালিকা নির্ম্মিত হইল, বহুতর রাজমিস্ত্রি বাস করিতে লাগিল, যোদ্ধারা রক্ষা করিতে থাকিল, প্রাচীরের উপরে কামান সাজাইয়া রাখা হইল, তাহার মধ্যে মধ্যে তীক্ষ্ণ তীক্ষ্ণ অঙ্কুশ থাকিল এবং ভিতরে নানাবিধ যন্ত্র নির্ম্মিত হইল ॥৪৭॥

সেই নগরটী লৌহময় বৃহৎ বৃহৎ চক্র দ্বারা শোভা পাইতে লাগিল, ভিতরে পৃথক্ পৃথক্ ভাবে বড় বড় রাস্তা তৈয়ারি হইল, কিন্তু কোথাও দৈব উৎপাতের সম্ভাবনা রহিল না ॥৪৮॥

---

(৪৬) বিবিধৈরপি নির্বিদ্ধৈঃ···।

মেঘবৃন্দমিবাকাশে বিদ্ধং বিদ্যুৎসমাবৃতম্।
তত্র রম্যে শিবে দেশে কৌরবস্য নিবেশনম্ ॥৫০॥
শুশুভে ধনসম্পূর্ণং ধনাধ্যক্ষক্ষয়োপমম্।
তত্রাগচ্ছন্ দ্বিজা রাজন্! সর্ব্ববেদবিদাং বরাঃ ॥৫১॥
নিবাসং রোচয়ন্তি স্ম সর্বভাষাবিদস্তথা।
বণিজশ্চাভ্যয়ুস্তত্র নানাদিগ্‌ভ্যো ধনার্থিনঃ ॥৫২॥
সর্বশিল্পবিদস্তত্র বাসায়াভ্যাগমংস্তদা।
উদ্যানানি চ রম্যাণি নগরস্য সমন্ততঃ ॥৫৩॥
আম্রৈরাম্রাতকৈর্নীপৈরশোকৈশ্চম্পকৈস্তথা।
পুন্নাগৈর্নাগপুষ্পৈশ্চ লকুচৈঃ পনসৈস্তথা ॥৫৪॥

ভারতকৌমুদী

বীতি। বিরোচমানং শোভমানম্। পাণ্ডরৈঃ শুভ্রৈঃ। ত্রিপিষ্টপসঙ্কাশং স্বর্গতুল্যম্ ॥৪৯॥
মেঘেতি। আকাশে বিদ্ধং লগ্নম্। কৌরবস্য যুধিষ্ঠিরস্য নিবেশনং গৃহমাসীৎ ॥৫০॥
শুশুভ ইতি। ধনাধ্যক্ষঃ কুবেরস্তস্য ক্ষয়োপমং নগরতুল্যমিন্দ্রপ্রস্থম্ ॥৫১॥
নিবাসমিতি। সর্ব্বভাষাবিদো জনাঃ। অভ্যয়ুরাগতাঃ ॥৫২॥
সর্ব্বেতি। উদ্যানানি আসন্নিতি শেষঃ। সমন্ততঃ সর্বাসু দিক্ষু ॥৫৩॥

ভারতভাবদীপঃ

মনুষ্যাদীন্ ঘ্নন্তি তাভিঃ শতঘ্নীভির্দুর্গারূঢ়াভিঃ ॥৪৭—৪৯॥ বিদ্ধং মিথঃশ্লিষ্টম্ ॥৫০॥ ক্ষয়োপমং

শুভ্রবর্ণ নানাবিধ গৃহে পরিপূর্ণ সেই ইন্দ্রপ্রস্থনগরী স্বর্গনগরীর ন্যায় শোভা পাইতে লাগিল ॥৪৯॥

সেই নগরীর ভিতরে মনোহর ও মঙ্গলময় স্থানে কুরুরাজ যুধিষ্ঠিরের ভবন নির্ম্মিত হইল ; তাহার চূড়াগুলি যাইয়া বিদ্যুদ্বিভূষিত মেঘসমূহের ন্যায় আকাশে লগ্ন হইল ॥৫০॥

ক্রমে সেই ইন্দ্রপ্রস্থপুরী ধনে পরিপূর্ণ হইয়া কুবেরের অলকাপুরীর ন্যায় শোভা পাইতে লাগিল; তখন বেদজ্ঞ ব্রাহ্মণগণ সেখানে আসিতে থাকিলেন ॥৫১॥

সর্ব্বপ্রকারভাষাভিজ্ঞ লোকেরা তথায় বাস করিবার ইচ্ছা করিল এবং বণিকেরা ধন লাভের ইচ্ছায় নানাদিক্ হইতে আসিতে লাগিল ॥৫২॥

সর্ব্বপ্রকার শিল্পীরা বাস করিবার জন্য সেখানে আগমন করিল এবং নগরের সকল দিকেই মনোহর উপবনসমূহ নির্ম্মিত হইল ॥৫৩॥

(৫১) শুশুভে বনসম্পূর্ণম্…।

শালতালতমালৈশ্চ বকুলৈশ্চ সকেতকৈঃ।
মনোহরৈঃ সুপুষ্পৈশ্চ ফলভারাবনামিতৈঃ ॥৫৫॥
প্রাচীনামলকৈর্লোধ্রৈরঙ্কোলৈশ্চ সুপুষ্পিতৈঃ।
জম্বূভিঃ পাটলাভিশ্চ কুব্জকৈরতিমুক্তকৈঃ ॥৫৬॥
করবীরৈঃ পারিজাতৈরন্যৈশ্চ বিবিধদ্রুমৈঃ।
নিত্যপুষ্পফলোপেতৈর্নানাদ্বিজগণাযুতৈঃ ॥৫৭॥
মত্তবর্হিণসংঘুষ্টং কোকিলৈশ্চ সদামদৈঃ।
গৃহৈরাদর্শবিমলৈর্বিবিধৈশ্চ লতাগৃহৈঃ ॥৫৮॥
মনোহরৈশ্চিত্রগৃহৈস্তথাঽজগতিপর্ব্বতৈঃ।
বাপীভির্বিবিধাভিশ্চ পূর্ণাভিঃ পরমাম্ভসা ॥৫৯॥
সরোভিরতিরম্যৈশ্চ পদ্মোৎপলসুগন্ধিভিঃ।
হংসকারণ্ডবযুতৈশ্চক্রবাকোপশোভিতৈঃ ॥৬০॥ (কুলকম্)

ভারতকৌমুদী

অথ সপ্তভিঃ শ্লোকৈঃ কুলকেন নগরমেব বর্ণয়তি আম্রৈরিতি। নীপৈঃ কদম্বৈঃ। লকুচৈর্ডহুভিঃ। শোভনানি পুষ্পাণি যেষাং তৈঃ সুপুষ্পৈঃ। অঙ্কোলৈর্নিকোচকৈঃ। নানাদ্বিজগণৈর্বহুপ্রকারপক্ষিসমূহৈরাযুতাঃ সমন্বিতাস্তৈঃ। মত্তৈর্বর্হিণৈর্ময়ূরৈঃ সংঘুষ্টং শব্দিতম্। সদৈব মদো মত্ততা যেষাং তৈঃ। আদর্শবদ্দর্পণবৎ বিমলৈঃ। অজস্য নৃপস্য গতিবিহারো যেষু তে চ তে পর্ব্বতাশ্চেতি তৈঃ কৃত্রিমকেলিপর্ব্বতৈরিত্যর্থঃ। "অজশ্ছাগে হরিব্রহ্মবিধুস্মরনৃপে হরে" ইতি মেদিনী। পরমাম্ভসা উৎকৃষ্টজলেন। সরোভির্জলাশয়বিশেষৈঃ। বাপ্যাদীনাং পরিমাণবিশেষাদেব সংজ্ঞাবিশেষাঃ। এভির্বিশিষ্টং নগরমিতি তাৎপর্য্যম্ ॥৫৪—৬০॥

ভারতভাবদীপঃ

গৃহোপমম্ ॥৫১—৫৮॥ অজগতিপর্ব্বতৈঃ নৃপলীলাযাত্রার্থৈঃ কৃত্রিমৈঃ পর্ব্বতৈঃ, "অজশ্ছাগে হরিব্রহ্মবিধুস্মরহরে নৃপে। গতিঃ স্ত্রী মার্গদশয়োর্জ্ঞানে যাত্রাভ্যুপায়য়োঃ" ইতি চ মেদিনী

---

সেই নগরে যথাসম্ভব সুন্দর পুষ্প ও ফলের ভারে অবনত মনোহর আম, আমড়া, কদম্ব, অশোক, চম্পক, পুন্নাগ, নাগকেসর, ডহুয়া, কাঁঠাল, শাল, তাল, তমাল, বকুল, কেতক, পানী আমলা, লোধ, আকোড়, জাম, পাটলা, কুব্জা, তিনিশ, করবীর, পারিজাত এবং অন্যান্য নানাপ্রকার বৃক্ষ ছিল; তাহাতে সর্ব্বদাই ফুল ও ফল থাকিত এবং নানাবিধ পক্ষী অবস্থান করিত। মত্ত ময়ূরগণ ও কোকিলগণ রব করিয়া বেড়াইত। দর্পণের ন্যায় নির্ম্মল নানাবিধ গৃহ ও লতাগৃহ ছিল এবং মনোহর চিত্রশালা ও কেলিপর্ব্বত ছিল; আর, উৎকৃষ্ট জলে পরিপূর্ণ বহুবিধ দীঘী এবং পদ্ম ও উৎপলের সৌরভে আমোদিত

রম্যাশ্চ বিবিধাস্তত্র পুষ্করিণ্যো বনাবৃতাঃ।
তড়াগানি চ রম্যাণি বৃহন্তি সুবহূনি চ ॥৬১॥
তেষাং পুণ্যজনোপেতং রাষ্ট্রমাবিশতাং মহৎ।
পাণ্ডবানাং মহারাজ! শশ্বঃ শশ্বঃ প্রীতিরবর্দ্ধত ॥৬২॥
তত্র ভীষ্মেণ রাজ্ঞা চ ধর্ম্মপ্রণয়নে কৃতে।
পাণ্ডবাঃ সমপদ্যন্ত খাণ্ডবপ্রস্থবাসিনঃ ॥৬৩॥
পঞ্চভিস্তৈর্মহেষ্বাসৈরিন্দ্রকল্পৈঃ সমন্বিতম্।
শুশুভে তৎ পুরশ্রেষ্ঠং নাগৈর্ভোগবতী যথা ॥৬৪॥
তান্ নিবেশ্য ততো বীরো রামেণ সহ কেশবঃ।
যযৌ দ্বারবতীং রাজন্! পাণ্ডবানুমতে তদা ॥৬৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি বিদুরাগমনরাজ্যলাভে পুরনির্ম্মাণং নাম দ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

রম্যা ইতি। তত্র ইন্দ্রপ্রস্থে। নির্ম্মমিরে ইত্যুভয়ত্রাপি শেষঃ ॥৬১॥
তেষামিতি। পুণ্যৈর্ধার্ম্মিকৈর্জনৈরুপেতম্। শ্বঃ শ্বঃ পরদিনে পরদিনে ॥৬২॥
তত্রেতি। রাজ্ঞা ধৃতরাষ্ট্রেণ চ। ধর্ম্মেণ প্রণয়নে রাজ্যদানে। সমপদ্যন্ত অভবন্ ॥৬৩॥
পঞ্চভিরিতি। মহেষ্বাসৈর্মহাধনুর্দ্ধরৈঃ। ভোগবতী নদী তদ্‌যুক্তং পাতালমিত্যর্থঃ ॥৬৪॥

ভারতভাবদীপঃ

॥৫৯—৬০॥ বনাবৃতাঃ বনৈরারামৈরাবৃতাঃ, জলপূর্ণা বা ॥৬১॥ পুণ্যৈর্জনৈরুপেতম্ ॥৬২॥

হংস, কারণ্ডব ও চক্রবাকগণে পরিশোভিত মনোহর বহুতর সরোবর ছিল ॥৫৪—৬০॥

আর, সেই ইন্দ্রপ্রস্থে উপবনে পরিবেষ্টিত নানাবিধ মনোহর পুষ্করিণী এবং সুন্দর সুন্দর বহুতর বৃহৎ জলাশয় ছিল ॥৬১॥

মহারাজ! ধার্ম্মিক লোকে পরিপূর্ণ সেই বিশাল রাজ্যে প্রবেশ করিবার পর পাণ্ডবগণের দিন দিনই আনন্দ বৃদ্ধি পাইতে লাগিল ॥৬২॥

ভীষ্ম ও ধৃতরাষ্ট্র ধর্ম্ম অনুসারে রাজ্য দান করিলে, পাণ্ডবগণ তখন ইন্দ্রপ্রস্থবাসী হইয়া গেলেন ॥৬৩॥

ইন্দ্রতুল্য মহাধনুর্দ্ধর পঞ্চ পাণ্ডব অবস্থান করিতে লাগিলে, সেই ইন্দ্রপ্রস্থপুরী নাগরক্ষিত পাতালপুরীর ন্যায় শোভা পাইতে লাগিল ॥৬৪॥

[৬২]…শশ্বৎ প্রীতিরবর্দ্ধত। * '…পঞ্চাধিকদ্বিশততমঃ…' '…সপ্তাধিকদ্বিশততমঃ…' '…নবাধিকদ্বিশততমঃ…' ' সপ্তবিংশত্যধিকদ্বিশততমঃ…' ইতি পাঠভেদাঃ।

# একাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

———:*:———

জনমেজয় উবাচ।

এবং সম্প্রাপ্য রাজ্যং তদিন্দ্রপ্রস্থং তপোধন ! ।
অত ঊর্দ্ধং মহাত্মানঃ কিমকুর্ব্বত পাণ্ডবাঃ ॥১॥
সর্ব্ব এব মহাসত্ত্বা মম পূর্ব্বপিতামহাঃ।
দ্রৌপদী ধর্ম্মপত্নী চ কথং তানন্ববর্ত্তত ॥২॥
কথঞ্চ পঞ্চ কৃষ্ণায়ামেকস্যাং তে নরাধিপাঃ।
বর্ত্তমানা মহাভাগা নাভিদ্যন্ত পরস্পরম্ ॥৩॥

ভারতকৌমুদী

তানিতি। দ্বারবতীং দ্বারকাং নগরীম্। পাণ্ডবানাম্ অনুমতে অনুমতৌ সত্যাম্ ॥৬৫॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়ামাদিপর্ব্বণি বিদুরাগমনরাজ্যলাভে দ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

———০:*:০———

এবমিতি। ইন্দ্রপ্রস্থং তৎসম্বন্ধি। ঊর্দ্ধং পরম্ ॥১॥

সর্ব্ব ইতি। মহাসত্ত্বা মহাবলাঃ। পিতামহাৎ পূর্ব্ব ইতি পূর্ব্বপিতামহাঃ ॥২॥

কথমিতি। নাভিদ্যন্ত ভিন্না নাভবন্ বিবাদং নাকুর্ব্বন্নিত্যর্থঃ ॥৩॥

ভারতভাবদীপঃ

রাজ্ঞা ধৃতরাষ্ট্রেণ। ধর্ম্মস্য যুধিষ্ঠিরস্য। প্রণয়নে প্রাপণে ॥৬৩—৬৫॥

ইতি আদিপর্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিশততমোঽধ্যায়ঃ ॥২০০॥

———:*:———

মহারাজ! পাণ্ডবগণকে ইন্দ্রপ্রস্থে সংস্থাপিত করিয়া মহাবীর কৃষ্ণ পাণ্ডবগণের অনুমতিক্রমে বলরামের সহিত দ্বারকায় চলিয়া গেলেন ॥৬৫॥

———:০:———

জনমেজয় কহিলেন—'তপোধন! মহাত্মা পাণ্ডবগণ এই ভাবে রাজ্যলাভ করিয়া তাহার পর কি করিলেন? ॥১॥

আমার প্রপিতামহেরা সকলেই মহাশক্তিশালী ছিলেন; সুতরাং একা দ্রৌপদী তাঁহাদের ধর্ম্মপত্নী হইয়া কি করিয়া তাঁহাদের সকলেরই মন রক্ষা করিতেন? ॥২॥

[১]···ইন্দ্রপ্রস্থে তপোধন!···। [২] তে তু বীরা নরব্যাঘ্রাঃ সর্ব্বে মম পিতামহাঃ···।

শ্রোতুমিচ্ছাম্যহং সর্ব্বং বিস্তরেণ তপোধন ! ।
তেষাং চেষ্টিতমন্যোন্যং যুক্তানাং কৃষ্ণয়া সহ ॥৪॥
বৈশম্পায়ন উবাচ।
ধৃতরাষ্ট্রাভ্যনুজ্ঞাতাঃ কৃষ্ণয়া সহ পাণ্ডবাঃ।
রেমিরে খাণ্ডবপ্রস্থে প্রাপ্তরাজ্যাঃ পরন্তপাঃ ॥৫॥
প্রাপ্য রাজ্যং মহাতেজাঃ সত্যসন্ধো যুধিষ্ঠিরঃ।
পালয়ামাস ধর্ম্মেণ পৃথিবীং ভ্রাতৃভিঃ সহ ॥৬॥
জিতারয়ো মহাপ্রাজ্ঞাঃ সত্যধর্ম্মপরায়ণাঃ।
মুদং পরমিকাং প্রাপ্তাস্তত্রোষুঃ পাণ্ডুনন্দনাঃ ॥৭॥
কুর্ব্বাণাঃ পৌরকার্য্যাণি সর্ব্বাণি পুরুষর্ষভাঃ।
আসাঞ্চক্রুর্ম্মহার্হেষু পার্থিবেষ্বাসনেষু চ ॥৮॥

ভারতকৌমুদী

শ্রোতুমিতি। চেষ্টিতং ব্যবহারম্। কৃষ্ণয়া দ্রৌপদ্যা সহ যুক্তানাং মিলিতানাম্ ॥৪॥
ধৃতেতি। ধৃতরাষ্ট্রেণ অভ্যনুজ্ঞাতা রাজ্যভোগায় অনুমতাঃ ॥৫॥
প্রাপ্যেতি। সত্যসন্ধঃ সত্যপ্রতিজ্ঞঃ। পৃথিবীং নিজরাজ্যম্ ॥৬॥
জিতেতি। জিতারয়ো বিজিতকামাদ্যন্তঃশত্রবঃ। তত্র ইন্দ্রপ্রস্থে, ঊষুঃ স্থিতাঃ ॥৭॥
কুর্ব্বাণা ইতি। আসাঞ্চক্রুস্তস্থুঃ। পার্থিবেষু তৎসম্বন্ধিষু, আসনেঽধিকারেষু ॥৮॥

ভারতভাবদীপঃ

এবমিতি ॥১—৬॥ তত্রোষুঃ তত্র ইন্দ্রপ্রস্থে ঊষুঃ বাসং কৃতবন্তঃ ॥৭॥ আসাঞ্চক্রুঃ

কি করিয়াই বা তাঁহারা পাঁচ জন এক দ্রৌপদীতে আসক্ত থাকিয়া নির্ব্বিবাদে কালযাপন করিয়াছিলেন ? ॥৩॥

তপোধন! এক দ্রৌপদীর সহিত সম্মিলিত তাঁহাদের পাঁচ জনেরই পরস্পর ব্যবহারগুলি আমি বিস্তরক্রমে শুনিতে ইচ্ছা করি' ॥৪॥

বৈশম্পায়ন বলিলেন—পাণ্ডবগণ ধৃতরাষ্ট্রের অনুমতিক্রমে রাজ্যলাভ করিয়া ইন্দ্রপ্রস্থে থাকিয়া দ্রৌপদীর সহিত আমোদ অনুভব করিতে লাগিলেন ॥৫॥

তেজস্বী ও সত্যপ্রতিজ্ঞ যুধিষ্ঠির রাজ্যলাভ করিয়া ভ্রাতাদের সহিত মিলিয়া ধর্ম্ম অনুসারে রাজ্য পালন করিতে থাকিলেন ॥৬॥

অত্যন্ত বুদ্ধিমান্ ও ধর্ম্মপরায়ণ পাণ্ডবগণ কাম-ক্রোধাদি জয় করিয়া অত্যন্ত আনন্দ অনুভব করিতে থাকিয়া সেই ইন্দ্রপ্রস্থেই বাস করিতে লাগিলেন ॥৭॥

অথ তেষূপবিষ্টেষু সর্ব্বেষ্বেব মহাত্মসু।
নারদস্ত্বথ দেবর্ষিরাজগাম যদৃচ্ছয়া ॥৯॥
আসনং রুচিরং তস্মৈ প্রদদৌ স্বং যুধিষ্ঠিরঃ।
কৃষ্ণাজিনোত্তরে তস্মিন্নুপবিষ্টো মহানৃষিঃ ॥১০॥
দেবর্ষেরুপবিষ্টস্য স্বয়মর্ঘ্যং যথাবিধি।
প্রাদাদ্‌যুধিষ্ঠিরো ধীমান্ রাজ্যং তস্মৈ ন্যবেদয়ৎ ॥১১॥
প্রতিগৃহ্য তু তাং পূজামৃষিঃ প্রীতমনাস্তদা।
আশীর্ভির্বর্দ্ধয়িত্বা চ তমুবাচাস্যতামিতি ॥১২॥
নিষসাদাভ্যনুজ্ঞাতস্ততো রাজা যুধিষ্ঠিরঃ।
কথয়ামাস কৃষ্ণায়ৈ ভগবন্তমুপস্থিতম্ ॥১৩॥

ভারতকৌমুদী

অথেতি। তেষু পাণ্ডবেষু। যদৃচ্ছয়া স্বেচ্ছয়া ॥৯॥
আসনমিতি। কৃষ্ণাজিনং নিজং কৃষ্ণমৃগচর্ম্ম উত্তরে উপরি যস্য তস্মিন্ ॥১০॥
দেবর্ষেরিতি। তস্মৈ নারদায়, রাজ্যং ন্যবেদয়ৎ রাজ্যনিবেদনোক্তিমকরোৎ ॥১১॥
প্রতিগৃহ্যেতি। তং যুধিষ্ঠিরম্। আস্যতাম্ উপবিশ্যতামিত্যুবাচ ॥১২॥
নিষসাদেতি। নিষসাদ উপবিবেশ। কথয়ামাস দূতীদ্বারা। ভগবন্তং নারদম্ ॥১৩॥

তাঁহারা সমস্ত পৌরকার্য্য সম্পাদন করিতে থাকিয়া মহামূল্য রাজকীয় আসনেই অবস্থান করিতে থাকিলেন ॥৮॥

তাহার পর একদিন মহাত্মা পাণ্ডবেরা উপবিষ্ট রহিয়াছেন, এমন সময়ে দেবর্ষি নারদ আপন ইচ্ছাক্রমে সেখানে উপস্থিত হইলেন ॥৯॥

অমনি যুধিষ্ঠির নিজের মনোহর আসন খানি তাঁহাকে ছাড়িয়া দিলেন; তখন নারদ তাহার উপরে নিজের কৃষ্ণাজিন আস্তৃত করিয়া উপবেশন করিলেন ॥১০॥

নারদ উপবেশন করিলে, যুধিষ্ঠির নিজেই তাঁহাকে অর্ঘ্য দান করিলেন এবং আপন রাজ্য দান করিতে চাহিলেন ॥১১॥

নারদ সেই পূজা গ্রহণ করিয়া, সন্তুষ্ট হইয়া, আশীর্ব্বাদ করিয়া, যুধিষ্ঠিরকে বলিলেন—'তুমি উপবেশন কর' ॥১২॥

তাহার পর, যুধিষ্ঠির নারদের অনুমতি পাইয়া উপবেশন করিলেন এবং নারদ আসিয়াছেন এই সংবাদ দ্রৌপদীর নিকট বলিয়া পাঠাইলেন ॥১৩॥

(১০) দ্বিতীয়ার্দ্ধং কতিপয়পুস্তকে নাস্তি।

শ্রুত্বৈতদ্‌দ্রৌপদী চাপি শুচির্ভূত্বা সমাহিতা।
জগাম তত্র যত্রাস্তে নারদঃ পাণ্ডবৈঃ সহ ॥১৪॥
তস্যাভিবাদ্য চরণৌ দেবর্ষের্ধর্ম্মচারিণী।
কৃতাঞ্জলিঃ সুসংবীতা স্থিতাথ দ্রুপদাত্মজা ॥১৫॥
তস্যাশ্চাপি স ধর্ম্মাত্মা সত্যবাগৃষিসত্তমঃ।
আশিষো বিবিধাঃ প্রোচ্য রাজপুত্র্যাস্তু নারদঃ।
গম্যতামিতি হোবাচ ভগবাংস্তামনিন্দিতাম্ ॥১৬॥
গতায়ামথ কৃষ্ণায়াং যুধিষ্ঠিরপুরোগমান্।
বিবিক্তে পাণ্ডবান্ সর্ব্বানুবাচ ভগবানৃষিঃ ॥১৭॥
পাঞ্চালী ভবতামেকা ধর্ম্মপত্নী যশস্বিনী।
যথা বো নাত্র ভেদঃ স্যাত্তথা নীতির্বিধীয়তাম্ ॥১৮॥
সুন্দোপসুন্দৌ হি পুরা ভ্রাতরৌ সহিতাবুভৌ।
আস্তামবধ্যাবন্যেষাং ত্রিষু লোকেষু বিশ্রুতৌ ॥১৯॥

ভারতকৌমুদী

শ্রুত্বেতি। শুচিঃ পবিত্রা, সমাহিতা নারদং প্রত্যেব ভক্তিযুক্তা চ ভূত্বা ॥১৪॥
তস্যেতি। ধর্ম্মচারিণী ধর্ম্মানুষ্ঠানপরায়ণা। সুসংবীতা কৃতাবগুণ্ঠনা ॥১৫॥
তস্যা ইতি। তস্যা রাজপুত্র্যা দ্রৌপদ্যাঃ। হেতি পাদপূরণে। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৬॥
গতায়ামিতি। যুধিষ্ঠিরপুরোগমান্ যুধিষ্ঠিরপ্রভৃতীন্। বিবিক্তে জনান্তররহিতে ॥১৭॥
পাঞ্চালীতি। বো যুষ্মাকম্, অত্র পাঞ্চাল্যাম্, ভেদো বৈমত্যনিবন্ধনঃ কলহঃ ॥১৮॥
সুন্দেতি। সহিতৌ প্রণয়সংশ্লিষ্টৌ। আস্তাং ভূতবন্তৌ। অন্যেষাং দেবাদীনাম্ ॥১৯॥

দ্রৌপদীও তাহা শুনিয়া পবিত্র ও ভক্তিযুক্ত হইয়া, যেখানে নারদ পাণ্ডবগণের সহিত অবস্থান করিতেছিলেন, সেইখানে উপস্থিত হইলেন ॥১৪॥

উপস্থিত হইয়া ধর্ম্মপরায়ণা দ্রৌপদী দেবর্ষির চরণযুগলে নমস্কার করিয়া, কৃতাঞ্জলি হইয়া অবগুণ্ঠিতমস্তকে দাঁড়াইয়া রহিলেন ॥১৫॥

তখন ধর্ম্মাত্মা ও সত্যবাদী নারদ দ্রৌপদীকে নানাবিধ আশীর্ব্বাদ করিয়া বলিলেন—'তুমি যাইতে পার' ॥১৬॥

তাহার পর দ্রৌপদী চলিয়া গেলে, অন্য লোক না থাকায় নারদ যুধিষ্ঠিরপ্রভৃতি সমস্ত পাণ্ডবকে বলিলেন—॥১৭॥

'যুধিষ্ঠির! একমাত্র দ্রৌপদীই তোমাদের ধর্ম্মপত্নী। সুতরাং যাহাতে তাহাকে লইয়া তোমাদের পরস্পর বিবাদ উপস্থিত না হয়, তেমন নিয়ম কর ॥১৮॥

একরাজ্যাবেকগৃহাবেকশয্যাসনাশনৌ।
তিলোত্তমায়াস্তৌ হেতোরন্যোন্যমভিজঘ্নতুঃ ॥২০॥
রক্ষ্যতাং সৌহৃদং তস্মাদন্যোন্যপ্রীতিভাবকম্।
যথা বো নাত্র ভেদঃ স্যাত্তৎ কুরুধ্ব যুধিষ্ঠির ! ॥২১॥
যুধিষ্ঠির উবাচ।
সুন্দোপসুন্দাবসুরৌ কস্য পুত্রৌ মহামুনে !।
উৎপন্নশ্চ কথং ভেদঃ কথঞ্চান্যোন্যমঘ্নতাম্ ॥২২॥
অপ্সরা দেবকন্যা বা কস্য চৈষা তিলোত্তমা।
যস্যাঃ কামেন সম্মত্তৌ জঘ্নতুস্তৌ পরস্পরম্ ॥২৩॥

ভারতকৌমুদী

একেতি। একত্র শয্যায়াম্ আসনমবস্থানম্ অশনমেকত্র ভোজনঞ্চ যয়োস্তৌ ॥২০॥

রক্ষ্যতামিতি। অন্যোন্যপ্রীতিভাবকং পরস্পরহৃদয়াকর্ষণজনকম্। বো যুষ্মাকম্ ॥২১॥

সামান্যতঃ শ্রুতং বিশেষশ্রবণার্থং পৃচ্ছতি সুন্দেতি। অতএবাসুরাবিত্যাদ্যুক্তিঃ সঙ্গচ্ছতে ॥২২॥

অপ্সরা ইতি। কস্য চ আয়ত্তেতি শেষঃ ॥২৩॥

ভারতভাবদীপঃ

স্থিরাসনা বভূবুঃ। পার্থিবেষু রাজসম্বন্ধিষু, আসনেষু অধিকারবিশেষেষু ॥৮—১৪॥ সুসংবীতা সম্যক্কৃতাবগুণ্ঠনা ॥১৫—২০॥ অন্যোন্যপ্রীতিভাবকং পরস্পরপ্রীত্যা ভাবো বৃদ্ধির্যস্য তত্তথা ॥২১॥ অঘ্নতাং হতবন্তৌ ॥২২॥ কস্য দেবস্য কন্যা ॥২৩—২৪॥

ইতি আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২০১॥

কারণ, পূর্ব্বকালে ত্রিভুবনবিখ্যাত সুন্দ ও উপসুন্দ নামে দুই ভ্রাতা ছিল; তাহারা দুই জনেই সম্মিলিত থাকিত এবং অন্যের অবধ্য ছিল ॥১৯॥

তাহাদের এক রাজ্য, এক গৃহ, এক শয্যা এবং একত্র অবস্থান ও ভোজন ছিল; কিন্তু তাহারাও এক তিলোত্তমার জন্যই পরস্পর পরস্পরকে বধ করিয়াছিল ॥২০॥

অতএব তোমরা পরস্পর প্রণয়জনক সৌভ্রাত্র রক্ষা কর এবং যাহাতে তোমাদের মধ্যে ভেদ না জন্মে, তাহা কর' ॥২১॥

যুধিষ্ঠির কহিলেন—'মহর্ষি! সুন্দ ও উপসুন্দ অসুর কাহার পুত্র ছিল? কি প্রকারে তাহাদের মধ্যে ভেদ জন্মিয়াছিল এবং কেনই বা তাহারা পরস্পর পরস্পরকে বধ করিয়াছিল? ॥২২॥

এই তিলোত্তমা অপ্সরা ছিল? না দেবকন্যা ছিল এবং সে কাহার অধীন

এতৎ সর্ব্বং যথাবৃত্তং বিস্তরেণ তপোধন ! ।
শ্রোতুমিচ্ছামহে ব্রহ্মন্ ! পরং কৌতূহলং হি নঃ ॥২৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি বিদুরাগমনরাজ্যলাভে যুধিষ্ঠিরনারদসংবাদে একাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

:*:

## দ্ব্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

নারদ উবাচ।
শৃণু মে বিস্তরেণেমমিতিহাসং পুরাতনম্।
ভ্রাতৃভিঃ সহিতঃ পার্থ ! যথাবৃত্তং যুধিষ্ঠির ! ॥১॥
মহাসুরস্যান্ববায়ে হিরণ্যকশিপোঃ পুরা।
নিকুম্ভো নাম দৈত্যেন্দ্রস্তেজস্বী বলবানভূৎ ॥২॥

### ভারতকৌমুদী

এতদিতি। বৃত্তং জাতমনতিক্রম্যেতি যথাবৃত্তম্। পরমত্যন্তম্। নঃ অস্মাকম্ ॥২৪॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়ামাদিপর্বণি বিদুরাগমনরাজ্যলাভে একাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

:*:

শৃণ্বিতি ! অত্র পুরাতনশব্দপ্রয়োগাদিতিহাসপদেনোপাখ্যানমাত্রং লক্ষ্যতে ॥১॥
মহেতি। অন্ববায়ে বংশে। তেজস্বী উৎসাহী ॥২॥

ছিল ? যাহার প্রতি কামে সম্মত্ত হইয়া সুন্দ ও উপসুন্দ পরস্পর পরস্পরকে বধ করিয়াছিল ॥২৩॥

হে তপোধন ! এই বৃত্তান্ত সমস্তই আমরা বিস্তরক্রমে যথাযথভাবে শুনিতে ইচ্ছা করি ; কেন না, আমাদের অত্যন্ত কৌতুক জন্মিয়াছে ॥২৪॥

:০০:

নারদ বলিলেন—'যুধিষ্ঠির ! তুমি ভ্রাতাদের সহিত আমার নিকটে এই প্রাচীন উপাখ্যান বিস্তরক্রমে যথাযথভাবে শ্রবণ কর ॥১॥

পূর্ব্বকালে মহাসুর হিরণ্যকশিপুর বংশে তেজস্বী ও বলবান্ 'নিকুম্ভ'-নামে এক মহাদৈত্য জন্মিয়াছিল ॥২॥

[২৪] ইতঃ পূর্ব্বং ক্বচিৎ 'নারদ উবাচ' ইতি পাঠো দৃশ্যতে। * '…ষড়ধিকঃ…' '…অষ্টাধিকঃ…' '…দশাধিকঃ…' '…অষ্টাবিংশত্যধিকঃ…' ইতি পাঠান্তরাণি।

তস্য পুত্রৌ মহাবীর্য্যৌ জাতৌ ভীমপরাক্রমৌ।
সুন্দোপসুন্দৌ দৈত্যেন্দ্রৌ দারুণৌ ক্রূরমানসৌ ॥৩॥
তাবেকনিশ্চয়ৌ দৈত্যাবেককার্য্যার্থসম্মতৌ।
নিরন্তরমবর্ত্তেতাং সমদুঃখসুখাবুভৌ ॥৪॥
বিনান্যোন্যং ন ভুঞ্জাতে বিনান্যোন্যং ন গচ্ছতঃ।
অন্যোন্যস্য প্রিয়করাবন্যোন্যস্য প্রিয়ংবদৌ ॥৫॥
একশীলসমাচারৌ দ্বিধৈবৈকোঽভবৎ কৃতঃ।
তৌ বিবৃদ্ধৌ মহাবীর্য্যৌ কার্য্যেষ্বপ্যেকনিশ্চয়ৌ ॥৬॥
ত্রৈলোক্যবিজয়ার্থায় সমাধায়ৈকনিশ্চয়ৌ।
দীক্ষাং কৃত্বা গতৌ বিন্ধ্যং তাবুগ্রং তেপতুস্তপঃ ॥৭॥
তৌ তু দীর্ঘেণ কালেন তপোযুক্তৌ বভূবতুঃ।
ক্ষুৎপিপাসাপরিশ্রান্তৌ জটাবল্কলধারিণৌ ॥৮॥

ভারতকৌমুদী

তস্যেতি। সুন্দোপসুন্দৌ তদাখ্যৌ। ক্রূরমানসৌ নিষ্ঠুরচিত্তৌ ॥৩॥

তাবিতি। এক এব নিশ্চয়ঃ কর্ত্তব্যেষ্ববধারণং যয়োস্তৌ, একস্মিন্নেব কার্য্যে কর্ত্তব্যরূপে অর্থে বিষয়ে সম্মতৌ। কদাচিদপি তয়োর্বৈমত্যং নাভূদিতি ভাবঃ ॥৪॥

বিনেতি। স্বপদাধ্যাহারাদতীতেঽপি বর্ত্তমানা। প্রিয়করৌ প্রিয়ংবদৌ চান্যাম্ ॥৫॥

একেতি। বিধাত্রা এক এব দ্বিধা কৃত ইব অভবদিত্যন্বয়ঃ ॥৬॥

ত্রৈলোক্যেতি। সমাধায় একমতীভূয়। দীক্ষাং সঙ্কল্পম্। বিন্ধ্যং পর্ব্বতম্ ॥৭॥

তাবিতি। তপোযুক্তৌ তপস্যানুষ্ঠানে শক্তিশালিনৌ। তত এবাহ ক্ষুদিত্যাদি ॥৮॥

সেই নিকুম্ভের সুন্দ ও উপসুন্দ নামে দুইটী পুত্র জন্মিয়াছিল; তাহারা অত্যন্ত বলবান্, ভয়ঙ্কর পরাক্রমশালী, ভীষণপ্রকৃতি ও নিষ্ঠুরচিত্ত ছিল ॥৩॥

তাহারা সর্ব্বদাই একরূপ কর্ত্তব্য স্থির করিত, এক কার্য্যে উভয়েই সম্মত হইত এবং উভয়েরই সমান সুখ ও সমান দুঃখ ছিল ॥৪॥

তাহারা পরস্পর মিলিত না হইয়া ভোজন বা গমন করিত না এবং পরস্পর পরস্পরের প্রিয় কার্য্য করিত ও প্রিয় কথা বলিত ॥৫॥

তাহাদের স্বভাব ও আচরণ এক রকম ছিল; সুতরাং বিধাতা যেন একটী-কেই দুইটী করিয়া সৃষ্টি করিয়াছিলেন। কার্য্যে একমতাবলম্বী ও মহাবীর সেই সুন্দ ও উপসুন্দ ক্রমে বড় হইয়া উঠিল ॥৬॥

তাহার পর, তাহারা ত্রিভুবন জয় করিবার জন্য একমত ও একনিশ্চয় হইয়া, দীক্ষা গ্রহণ করিয়া, বিন্ধ্যপর্ব্বতে যাইয়া, ভয়ঙ্কর তপস্যা করিতে লাগিল ॥৭॥

মলোপচিতসর্ব্বাঙ্গৌ বায়ুভক্ষৌ বভূবতুঃ।
আত্মমাংসানি জুহ্বন্তৌ পাদাঙ্গুষ্ঠাগ্রবিষ্ঠিতৌ।
ঊর্দ্ধবাহূ চানিমিষৌ দীর্ঘকালং ধৃতব্রতৌ ॥৯॥
তয়োস্তপঃপ্রভাবেণ দীর্ঘকালং প্রতাপিতঃ।
ধূমং প্রমুমুচে বিন্ধ্যস্তদদ্ভুতমিবাভবৎ ॥১০॥
ততো দেবা ভয়ং জগ্মুরুগ্রং দৃষ্ট্বা তয়োস্তপঃ।
তপোবিঘাতার্থমথো দেবা বিঘ্নানি চক্রিরে ॥১১॥
রত্নৈঃ প্রলোভয়ামাসুঃ স্ত্রীভিশ্চোভৌ পুনঃ পুনঃ।
ন চ তৌ চক্রতুর্ভঙ্গং ব্রতস্য সুমহাব্রতৌ ॥১২॥
অথ মায়াং পুনর্দেবাস্তয়োশ্চক্রুর্মহাত্মনোঃ।
ভগিন্যো মাতরো ভার্য্যাস্তয়োঃ পরিজনস্তথা ॥১৩॥

ভারতকৌমুদী

মলেতি। পাদাঙ্গুষ্ঠাগ্রেণ বিষ্ঠিতৌ ভূতলে অবস্থিতৌ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৯॥
তয়োরিতি। ধূমং প্রমুমুচে উজ্জগার, আর্দ্রেন্ধনবদিতি ভাবঃ ॥১০॥
তত ইতি। বিঘ্নানীতি নপুংসকত্বমার্ষম্ ॥১১॥
রত্নৈরিতি। ব্রতস্য তপসঃ। যেন হি সুমহাব্রতৌ সুদৃঢ়মহাতপোনিয়মৌ ॥১২॥

তাহারা জটা ও বল্কল ধারণ করিয়া, ক্ষুধা ও পিপাসায় কাতর থাকিয়া, দীর্ঘকাল তপস্যা করিবার উপযুক্ত ক্ষমতাশালী হইয়া পড়িল ॥৮॥

তাহাতে তাহারা বায়ুমাত্র ভক্ষণ করিয়া, আপনাদের মাংস দ্বারা হোম করিতে থাকিয়া, কেবল পাদাঙ্গুষ্ঠের অগ্রভাগ দ্বারা ভূতলে অবস্থানপূর্ব্বক ঊর্দ্ধবাহু ও নির্নিমেষনয়ন হইয়া দীর্ঘকাল তপস্যা করিল; তখন তাহাদের অঙ্গে মল জমা হইয়াছিল ॥৯॥

তাহাদের তপস্যার প্রভাবে দীর্ঘকাল সন্তপ্ত হইতে থাকায় বিন্ধ্যপর্ব্বত ধূমোদ্গার করিতে লাগিল; সে ঘটনা যেন অদ্ভুত হইতে থাকিল ॥১০॥

তাহার পর, তাহাদের ভয়ঙ্কর তপস্যা দেখিয়া দেবতারা ভীত হইয়া পড়িলেন; তাই তাঁহারা তাহাদের তপোভঙ্গের জন্য বিঘ্ন করিতে লাগিলেন ॥১১॥

দেবতারা নানাবিধ মণি, রত্ন ও যুবতি স্ত্রী দ্বারা তাহাদিগকে প্রলুব্ধ করিতে থাকিলেন; কিন্তু তাহারা দৃঢ় তপস্বী হইয়াছিল বলিয়া তপোভঙ্গ করিল না ॥১২॥

তা'র পর, আবার দেবতারা তাহাদের উপরে মায়াপ্রকাশ করিলেন—

(৯)···পাদাঙ্গুষ্ঠাগ্রধিষ্ঠিতৌ···। (১৩)···তয়োশ্চাত্মজনস্তথা।

প্রপাত্যমানা বিস্রস্তাঃ শূলহস্তেন রক্ষসা।
ভ্রষ্টাভরণকেশান্তা একান্তভ্রষ্টবাসসঃ ॥১৪॥ (যুগ্মকম্)
অভিভাষ্য ততঃ সর্বাস্তৌ ত্রাহীতি বিচুক্রুশুঃ।
ন চ তৌ চক্রতুর্ভঙ্গং ব্রতস্য সুমহাব্রতৌ ॥১৫॥
যদা ক্ষোভং নোপযাতি নার্ত্তিমন্যতরস্তয়োঃ।
ততঃ স্ত্রিয়স্তা ভূতঞ্চ সর্বমন্তরধীয়ত ॥১৬॥
ততঃ পিতামহঃ সাক্ষাদভিগম্য মহাসুরৌ।
বরেণ চ্ছন্দয়ামাস সর্বলোকহিতঃ প্রভুঃ ॥১৭॥
ততঃ সুন্দোপসুন্দৌ তৌ ভ্রাতরৌ দৃঢ়বিক্রমৌ।
দৃষ্ট্বা পিতামহং দেবং তস্থতুঃ প্রাঞ্জলী তদা ॥১৮॥

ভারতকৌমুদী

অথেতি। পরিজনো দাস্যাদিঃ। বিস্রস্তা ভূলুণ্ঠিতা আসন্। ভ্রষ্টানি স্খলিতানি আভরণানি যেভ্যস্তে তাদৃশাঃ কেশান্তা যাষাং তাঃ, একান্তভ্রষ্টবাসসঃ সম্পূর্ণস্খলিতবস্ত্রাঃ॥১৩—১৪॥

অভীতি। অভিভাষ্য সম্বোধ্য! সর্ব্বা ভগিন্যাদয়ঃ স্ত্রিয়ঃ ॥১৫॥

যদেতি। তয়োরন্যতর একতরোঽপি। আর্ত্তিং পীড়াম্। যদাপদযোগাৎ "প্রয়োগতশ্চ" ইত্যতীতে বর্ত্তমানা। ভূতং রাক্ষসরূপঃ স প্রাণী ॥১৬॥

তত ইতি। পিতামহো ব্রহ্মা। বরেণ বরদানজ্ঞাপনেন ছন্দয়ামাস তোষয়ামাস ॥১৭॥

তত ইতি। দৃঢ়বিক্রমৌ তপস্যপি মহাশক্তিকৌ ॥১৮॥

শূলধারী কোন রাক্ষস তাহাদের মাতা, ভগিনী, ভার্য্যা ও দাসীপ্রভৃতি পরিজনদিগকে আনিয়া তাহাদিগকে একেবারে বিবস্ত্র করিয়া আঘাত করিতে থাকিল; তাহাতে তাহাদের চুলের অলঙ্কার খুলিয়া পড়িতে লাগিল এবং তাহারা ভূতলে লুণ্ঠিত হইতে থাকিল ॥১৩—১৪॥

তাহার পর, সেই সমস্ত স্ত্রীলোকেরাই সুন্দ ও উপসুন্দকে সম্বোধন করিয়া 'রক্ষা কর রক্ষা কর' বলিয়া চীৎকার করিতে লাগিল। তথাপি তাহারা তপস্যাভঙ্গ করিল না ॥১৫॥

যখন তাহাদের মধ্যে কেহই ক্ষুব্ধ বা দুঃখিত হইল না, তখন সেই সকল স্ত্রীলোক ও রাক্ষস অন্তর্হিত হইল ॥১৬॥

তাহার পর, সমস্ত লোকের হিতৈষী ও প্রভাবশালী ব্রহ্মা তাহাদের সমক্ষে যাইয়া বরদান করিবেন জানাইয়া তাহাদিগকে সন্তুষ্ট করিলেন ॥১৭॥

তৎপরে, তপস্যাতেও দৃঢ়শক্তিশালী সুন্দ ও উপসুন্দ দুই ভ্রাতা ব্রহ্মাকে দেখিয়া তখনই কৃতাঞ্জলি হইয়া অবস্থান করিতে লাগিল ॥১৮॥

[১৪]···ভ্রষ্টাভরণবাসসঃ, ভ্রষ্টাভরণবাসসা।

উচতুশ্চ প্রভুং দেবং ততস্তৌ সহিতৌ তদা।
আবয়োস্তপসানেন যদি প্রীতঃ পিতামহঃ ॥১৯॥
মায়াবিদাবস্ত্রবিদৌ বলিনৌ কামরূপিণৌ।
উভাবপ্যমরৌ স্যাব প্রসন্নো যদি নৌ প্রভুঃ ॥২০॥ (যুগ্মকম্)

ব্রহ্মোবাচ।

ঋতেঽমরত্বং যুবয়োঃ সর্ব্বমুক্তং ভবিষ্যতি।
অন্যদ্‌বৃণীতং মৃত্যোশ্চ বিধানমমরৈঃ সমম্ ॥২১॥
প্রভবিষ্যাব ইতি যন্মহদভ্যুদ্যতং তপঃ।
যুবয়োর্হেতুনাঽনেন নামরত্বং বিধীয়তে ॥২২॥

ভারতকৌমুদী

উচতুরিতি। সহিতৌ মিলিতৌ সন্তাবেব, প্রভুং দেবং ব্রহ্মাণমূচতুঃ। কিমূচতুরিত্যাহ আবয়োরিতি। উভাবপ্যাবাম্। স্যাব ভবেব। নৌ আবাং প্রতি ॥১৯—২০॥

ঋত ইতি। অমরত্বম্; ঋতে বিনা, যুবাভ্যামুক্তম্ অন্যৎ সর্ব্বমেব যুবয়োর্ভবিষ্যতি। অতএব মৃত্যোরন্যৎ অমরৈঃ সমমেব, বিধীয়ত ইতি বিধানং প্রভাবম্, বৃণীতং যুবামিতি শেষঃ ॥২১॥

